2nd. These Indexes, if prepared and submitted with due promptitude and regularity, are calculated to furnish the superior authority with the most efficient means of controlling the Revenue administration, of checking irregularities and correcting errors, and of ascertaining the state of business and the mode in which it is conducted throughout the several Districts of the Provinces. That they were not formerly found effective to this end is attributable partly to defects in the form of their preparation, partly, and principally, to the irregular and dilatory manner in which, in too many instances, they were furnished to the Board.

3rd. The heavy press of business in most of the Commissioners' Offices afforded at that time some excuse for irregularity and delay. But such is not the case now, and the Board expect that the following Rules for the preparation and submission of the Indexes will be carefully and punctually attended to.

4th. The Index is to be prepared in the annexed form. The correspondence of each District is to be separately entered, and the name of the District is to appear at the top of each page.

[*Government Gazette, 22d June,* 1847.]

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

৭ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র।

পত্রের যে ত্রৈমাসিক ইণ্ডেক্স কমিস্যনর সাহেবেরা পূর্ব্বে সদর বোর্ডে পাঠাইতেন কিন্তু ১৮৩৬ সালের ২৭ জুলাই তারিখের সরক্যুলর অর্ডরে কৈফিয়তের কমিটির নির্দ্ধারণক্রমে রহিত হইয়াছিল সেই ইণ্ডেক্স সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা গবর্ণমেণ্টের অনুমতিক্রমে পুনরায় প্রস্তুত করাইতে স্থির করিয়াছেন।

২। যদি এই ইণ্ডেক্স অতিশীঘ্র ও নিয়মমতে প্রস্তুত হইয়া পাঠান যায় তবে কর্ত্তৃত্বকারি কার্য্যকারক সাহেবেরদের রাজস্বের কর্ম্ম শাসন করণের সদুপায় হইবেক এবং তাঁহারা বেদাঁড়া কর্ম্ম নিবারণ ও ভুল সংশোধন করিতে পারিবেন এবং বাঙ্গলাপ্রভৃতি দেশের নানা জিলা ব্যাপিয়া রাজস্বের কার্য্য যে অবস্থায় আছে ও যেরূপে নির্ব্বাহ হইতেছে তাহা জানিতে পারিবেন ইহার পূর্ব্বে ঐ ইণ্ডেক্সের দ্বারা তাহা সফল না হওনের কারণ এই যে তাহা উপযুক্তমতে প্রস্তুত হইয়াছিল না এবং বিশেষতঃ তাহা বেদাঁড়ামতে ও অতি বিলম্বে বোর্ডে পাঠান যাইত।

৩। তৎসময়ে প্রায় সকল কমিস্যনর সাহেবের সিরিশ্তার কার্য্যের অতিভিড় ছিল এবং তাহা ঐ বেদাঁড়া ও বিলম্বের একপ্রকার কারণ কহা যাইতে পারে। কিন্তু এক্ষণে তদ্রূপ নাই অতএব বোর্ডের সাহেবেরা অপেক্ষা করেন যে ঐ ইণ্ডেক্স প্রস্তুত করণের ও তাহা প্রেরণ করণের বিষয়ে নীচের লিখিত নিয়ম অতি মনোযোগপূর্ব্বক ও নির্দ্দিষ্ট সময়ে প্রতিপালন হয়।

৪। ঐ ইণ্ডেক্স নীচের লিখিত পাঠানুসারে প্রস্তুত হইবেক। প্রত্যেক জিলার লিখনপঠন স্বতন্ত্র করিয়া বহীতে লেখা যাইবেক এবং জিলার নাম প্রতি পৃষ্ঠার উপরি ভাগে নির্দ্দিষ্ট থাকিবেক।

5th. The numbers in the first Column are intended to facilitate reference; for this purpose it is necessary that the entries for all the Districts, in each Quarterly Return, should form one unbroken series of numbers.

6th. The "subject," in the 4th Column, should be given with as much brevity, as may be consistent with perspicuity. It is desirable that the whole correspondence on each subject should be entered in consecutive order, but where this cannot be done, reference should be made in the 5th Column to the Index numbers of the previous or subsequent letters.

7th. When the Collector's reference does not require reply, the words "no order" should be written under the "subject," or if the matter is "referred to the Board," an entry to that effect should be made.

8th. Letters of mere form as communicating the orders of the Board or of Government, need not be entered.

9th. The Index is to be despatched from the Commissioner's Office within 20 days after the close of the Quarter, and the Uncovenanted Assistant of the Commissioner is to be held specially responsible for its accurate preparation and punctual transmission.

(Signed) G. PLOWDEN,
Offg. Secretary.

Sudder Board of Revenue,
Fort William, the 14th May, 1847.

৫। প্রথম ঘরের নম্বরের অভিপ্রায় এই যে পত্র প্রয়োজনমতে পাওয়া যায়। এই জন্যে আবশ্যক আছে যে প্রতি ত্রৈমাসিক কৈফিয়তে সকল জিল্লার যে২ পত্র লেখা যায় তাহা একাদিক্রমে অবিকল নম্বর বিলি হয়।

৬। চতুর্থ ঘরে "পত্রের মর্ম্ম" যথাসাধ্য সংক্ষেপে লিখিতে হইবেক কিন্তু স্পষ্টতার কিছু ব্যাঘাত করিতে হইবেক না। একি বিষয়ে যে সকল লিখনপঠন হয় তাহা শৃঙ্খলাক্রমে লিখিলে ভাল হয় কিন্তু যে স্থলে তাহা হইতে পারে না সেই স্থলে তদ্বিষয়ে পূর্ব্বে কি পরে লেখা সকল পত্রের ইণ্ডেক্সের নম্বর পঞ্চম ঘরে লিখিতে হইবেক।

৭। কালেক্টর সাহেবের পত্রের যখন কোন উত্তরের আবশ্যক না থাকে তখন "হুকুম নাই" এই কথা পত্রের "মর্ম্মের" ঘরে লিখিতে হইবেক কিম্বা যদি সেই বিষয় "বোর্ডে অর্পণ হয়" তবে তাহা নির্দ্দিষ্ট করিতে হইবেক।

৮। যে পত্র কেবল ব্যাবহারিক অর্থাৎ বোর্ডের কিম্বা গবর্ণমেন্টের হুকুমজ্ঞাপক তাহা বহীতে লিখিবার আবশ্যক নাই।

৯। তিন২ মাসের পর ২০ দিন অতীত হওনের পূর্ব্বে ঐ ইণ্ডেক্স কমিস্যনর সাহেবের সিরিশ্তাহইতে পাঠাইতে হইবেক এবং তাহা নিয়মমতে প্রস্তুত করণ ও নির্দ্দিষ্ট সময়ে পঠাওনের বিষয়ে কমিস্যনর সাহেবের অচিহ্নিত আসিষ্টান্ট বিশেষ দায়ী হইবেন।

জি প্লৌডন।
একটিং সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম ১৮৪৭। ১৪ মে।

Index of Correspondence of the Commissioner of the ——— Division for the First Quarter of ———

No.	Date and No. of letter.	From and To.	Subject.	Reference.
			Collector of Zillah A.	
1	3rd May No. 6	From	Recommends the release of the resumed lands, Kismut Belgatchi, as proving to be less than 100 Beegahs situated in a permanently settled Estate. *Referred to Board.*	
2	10th May No. 15	From	Reports the offer of Ramlal Ghose to take a farm of the Government Khass Mehal, Ramdasspoor, at a Jumma of 1025 Rupees, being a deduction of 20 per Cent on the assets ascertained at the late settlement.	
3	15th May No. 175	To	In reply directs acceptance of offer, if the security be unexceptionable.	
			Collector of Zillah B.	
4	11th May No. 17	From	Reply to 25th April, No. 98, Reports that Deputy Collector, Moonshee Ruheem Oollah, has disposed of all his last year's unreported Settlements. No Order.	No. 15 of Index for 4th Quarter of

Sudder Board of Revenue,
Fort William, the 14th May, 1847.

(Signed) G. PLOWDEN, *Offg. Secretary.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ২২ জুন।]

অমুক সালের অমুক তিন মাসে অমুক এলাকার কমিস্যনর সাহেবের লিখনপঠনের ইণ্ডেক্স।

নম্বর	পত্রের তারিখ ও নম্বর	যাঁহার প্রতি যাঁহার পত্র	মর্ম্ম	অন্য পত্রের নম্বর
			অমুক জিলার কালেক্টর।	
১	৩ মে ৬ নম্বর	অমুকের পত্র	কিসমৎ বেলগাছিতে যে ভূমি বাজেয়াপ্ত হইয়াছে তাহা ইস্তমুরারী বন্দোবস্ত হওয়া মহালের মধ্যগত ১০০/ বিঘার কম হওয়াপ্রযুক্ত তাহা ত্যাগ করণের পরামর্শ। বোর্ডে অর্পণ হইল।	
২	১০ মে ১৫ নম্বর	অমুকের পত্র	রিপোর্ট হইতেছে যে রামলাল ঘোষ রামদাসপুর নামক সরকারের খাস মহালের ১০২৫৲ টাকা জমা দিয়া ইজারা লইতে চাহে সেই জমা ঐ মহালের শেষ বন্দোবস্তের সময়ে যে কর নির্ণয় হইল তাহাহইতে শতকরা ২০৲ টাকা কম।	
৩	১৫ মে ১৭৫ নম্বর	অমুকের প্রতি পত্র	তাহার উত্তর হইল যে জামিন যদি মাতবর হয় তবে তাহাতে গ্রাহ্য হইতে পারে।	
			অমুক জিলার কালেক্টর।	
৪	১১ মে ১৭ নম্বর	অমুকের পত্র	২৫ আপ্রিল তারিখের ৯৮ নম্বরী পত্রের উত্তর তাহাতে লেখে যে ডেপুটী কালেক্টর মুনশী রহিমুল্লা গত সনের যে সকল বন্দোবস্তের রিপোর্ট করেন্ নাই তাহা তিনি সম্পন্ন করিয়াছেন। হুকুম নাই	অমুক সালের চতুর্থ ৩ মাসের ইণ্ডেক্সের ১৫ নম্বর।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ১৪ মে।

জি প্লৌডন। এক্টিং সেক্রেটারী।

No. 10.

From the Officiating Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

As the time for the submission of the annual Revenue Report of your Division for the past year 1846-47 is approaching, I am desired by the Sudder Board of Revenue to remind you, that they will expect to receive it by the date fixed by their Circular Letter of the 21st of September last, No. 26, viz. on or before the 1st of July next.

2d. Notwithstanding the very particular directions given in the above Circular, they were strictly followed, in the preparation of the previous year's Report, by only the Commissioner of the Cuttack Division, Mr. Mills. I am therefore desired again to point out to you that a letter or paper of remarks separate from the statements is not to be sent. It will be sufficient for you to commence your report by simply stating, that "you submit the statements prescribed by the Board's Circular in question with your remarks thereon." You will then at once proceed to give the statements, with your remarks on them in juxtaposition or following, precisely as exemplified in the specimen forms appended to the Circular, arranging your observations in the order followed in the directions noted on the Forms, and confining them strictly to the points indicated in those directions.

[*Government Gazette, 22d June*, 1847.]

১০ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত এক্টিং সেক্রেটারী সাহেবের পত্র।

১৮৪৬। ৪৭ সালের তোমার এলাকার রাজস্বের বার্ষিক রিপোর্ট পাঠাওনের সময় প্রায় আগত হইয়াছে অতএব সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমাকে স্মরণ করাইতেছি যে তাঁহারদের গত সেপ্টেম্বর মাসের ২১ তারিখের ২৬ নম্বরী সরক্যুলর পত্রে যে তারিখ নির্দ্দিষ্ট আছে সেই তারিখে অর্থাৎ আগামি জুলাই মাসের ১ তারিখে কি তাহার পূর্ব্বে ঐ রিপোর্ট পাইবার অপেক্ষা রাখেন।

২। উক্ত সরক্যুলর অর্ডরের মধ্যে অতি বিশেষ হুকুম থাকিলেও পূর্ব্ব বৎসরের রিপোর্ট প্রস্তুত করণেতে কেবল এক জন অর্থাৎ কটক এলাকার কমিস্যনর শ্রীযুত মিল্স্ সাহেব সেই হুকুম অবিকল প্রতিপালন করিলেন অতএব তোমাকে পুনরায় জানাইতে আদেশ পাইয়াছি যে কৈফিয়ৎ ছাড়া মন্তব্য কথার কোন পত্র কি লিপি পাঠাইতে হইবেক না। তোমার রিপোর্টের আরম্ভেই কেবল এই কথা লিখিলে হইবেক যে "বোর্ডের উক্ত সরক্যুলর অর্ডরের নির্দ্দিষ্ট কৈফিয়ৎ ও তদ্বিষয়ে আমার মন্তব্য কথা পাঠাইতেছি"। তাহার পরেই কৈফিয়ৎ আরম্ভ করিতে হইবেক এবং তদ্বিষয়ে তোমার মন্তব্য কথা উক্ত সরক্যুলরের নিম্ন ভাগে লিখিত পাঠানুক্রমে ঐ কৈফিয়তের বৃত্তান্তের এক পার্শ্বে কি তাহার পশ্চাৎ ভাগে লিখিতে হইবেক এবং ঐ পাঠের নির্দ্দিষ্ট নিয়মে যে ক্রম লেখা গিয়াছে সেই ক্রমানুসারে তোমার সেই মন্তব্য কথা লেখা যাইবেক এবং ঐ নিয়মে যে২ বিষয় লেখা আছে কেবল সেই২ বিষয়েই তোমার অভিপ্রায় লিখিতে হইবেক।

3d. On a review of the last returns it occurs to the Board to note further as follows, for your guidance in preparing the report now due.

Statement A.—Col. 19. When Government Estates are acquired in any other way than by purchase, the mode of acquisition is to be stated in the Remarks, as thus :

Column 19—

Acquired by Escheat————

By ————————

By ————————

Total corresponding with the
total of Column 19 ——

Statement C.—The remarks on the proceedings and merits of the different officers are to be transferred from this statement to the statement of business performed in the Collectors' offices, and it should be explained on what duties the Assistants and Uncovenanted Deputies were principally employed. Collectors should be careful to include all miscellaneous business whatever in this statement, and in like manner the Miscellaneous Column of the Commissioner's statement should be carefully made to contain all the business whatever not included in the previous columns.

4th. You will be very careful to see that the number of Government and Resumed Mehals is duly reconciled in the several statements relating to them, both in connection with each other and with the statements of the previous year. These Returns are intended, amongst other things, to act as a general check upon the disposal of the Mehals, and for this purpose they are of course useless unless attention is paid to reconciling the numbers.

(Signed) G. Plowden, *Offg. Secretary.*
Sudder Board of Revenue,
Fort William, the 4th June, 1847.

No. 26.

From the Officiating Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

I am now directed by the Sudder Board of Revenue to inform you with reference to their Circular Letter No. 14, of the 30th of May last, that an Annual General Report, reviewing the entire Revenue administration in all its branches, for the year to which it relates, of the several districts of the Provinces of Bengal, Behar and Orissa, is henceforth to be submitted by the Board to Government in lieu of the Operation Statements and certain other Returns which present only a partial and disjointed view of the proceedings of the local Revenue Officers.

2d. These Reports will commence with the past year 1845-46, and embrace the following subjects :

First.—The Land Revenue collections of the year.

Second.—The management of Government and resumed Estates, the progress made in settling

৩। গত বৎসরের নানা রিপোর্ট পুনর্দৃষ্টি করিয়া বোর্ডের সাহেবেরা আগামি রিপোর্ট প্রস্তুত করণের বিষয়ে তোমার উপদেশের নিমিত্তে নীচের লিখিত অতিরিক্ত নিয়ম দিতেছেন।

A চিহ্নিত কৈফিয়ৎ।

১৯ নম্বরী ঘর। যখন কোন মহাল খরীদ করণভিন্ন অন্য কোন প্রকারে সরকার প্রাপ্ত হন্ তখন তাহা যে প্রকারে পাওয়া গেল তাহা মন্তব্য কথার ঘরে লিখিতে হইবেক। যথা।

১৯ ঘর—

লাওয়ারিসপ্রযুক্ত পাওয়া গেল———

প্রযুক্ত ঐ ঐ———

প্রযুক্ত ঐ ঐ———

মোট ১৯ নম্বরী ঘরের মোটের
সঙ্গে ঐক্য।————

C চিহ্নিত কৈফিয়ৎ।

নানা কর্ম্মকারকের কার্য্যের ও দোষগুণের বিষয়ি মন্তব্য কথা এই কৈফিয়তে লিখিত না হইয়া কালেক্টরী কাছারীতে নির্ব্বাহহওয়া কার্য্যের কৈফিয়তে লিখিতে হইবেক এবং আসিষ্টাণ্ট সাহেবেরা ও অচিহ্নিত ডেপুটী কালেক্টরেরা যে কার্য্যেতে বিশেষমতে নিযুক্ত ছিলেন তাহা স্পষ্ট করিয়া লিখিতে হইবেক। কালেক্টর সাহেবেরা এই কৈফিয়তের মধ্যে সকল মুৎফরক্কা কর্ম্ম লিখিতে মনোযোগ করিবেন। এবং সেই প্রকারেও কমিস্যনর সাহেবের কৈফিয়তের মুৎফরক্কা কার্য্যের ঘরের মধ্যে অন্যান্য ঘরে যে২ কার্য্য লেখা না যায় তাহা লিখিতে হইবেক।

৪। তুমি মনোযোগ করিবা যে খাস ও বাজেয়াপ্ত মহালের নানা কৈফিয়তে সেই২ মহালের সংখ্যা পরস্পর এবং পূর্ব্ব বৎসরের কৈফিয়তের সঙ্গে ঐক্য হয়। এই কৈফিয়তের অন্যান্য অভিপ্রায়ের মধ্যে এক অভিপ্রায় এই যে তদ্দ্বারা মহাল বিক্রয় করণের বিষয়ে সাধারণ শাসন হয় অতএব ঐ সকল মহালের সংখ্যা ঐক্য করণের বিষয়ে যদি মনোযোগ না হয় তবে সেই অভিপ্রায় ব্যর্থ হইবেক।

জি প্লৌডন। এক্টিং সেক্রেটারী।
সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ৪ জুন।

২৬ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত এক্টিং সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ড রেবিনিউর গত ৩০ মে তারিখের ১৪ নম্বরী সরকুলর পত্রের উপলক্ষে তোমাকে জানাইতেছি যে কার্য্য নির্ব্বাহের কৈফিয়ৎ এবং অন্যান্য যে রিপোর্ট এক্ষণে পাঠান যাইতেছে অথচ যাহার দ্বারা নানা রাজস্বের কর্ম্মকারকেরদের কার্য্যের কেবল অসাধারণ এবং বিশৃঙ্খলামত দৃষ্ট হইতেছে তাহার পরিবর্ত্তে ইহার পর এক বার্ষিক সাধারণ রিপোর্ট গবর্ণমেণ্টের নিকটে বোর্ডের পাঠাইতে হইবেক সেই রিপোর্ট যে বৎসরের সম্পর্কে প্রস্তুত হয় সেই বৎসরে বাঙ্গলা ও বেহার ও উড়িষ্যা দেশের নানা জিলার সম্পূর্ণ রাজস্বের কার্য্যের প্রত্যেক সিরিশ্তার নিদর্শন থাকিবেক।

২। এই রিপোর্ট গত ১৮৪৫। ৪৬ সালঅবধি আরম্ভ হইবেক এবং তাহাতে এই২ বিষয় লেখা থাকিবেক।

প্রথম। সম্বৎসরে ভূমির যে রাজস্ব আদায় হইয়াছে তাহা।

দ্বিতীয়। খাস ও বাজেয়াপ্ত মহালের যেরূপ সরবরাহ হইতেছে ও তাহার বন্দোবস্ত করণের বিষয়ে ও বন্দোবস্তী মোকদ্দমা নিষ্পত্তি করণের বিষয়ে যেপর্য্যন্ত

them and in disposing of the settlement cases, and the settlement operations in prospect.

Third.—Summary Suits.

Fourth.—Resumption Suits.

Fifth.—Sales of Estates for the recovery of arrears of the Land Revenue assessment.

Sixth.—Prisoners confined on account of Government demands at the instance of the Revenue authorities.

Seventh.—The miscellaneous and other business not included in any of the foregoing heads performed in the offices of the several Collectors.

Eighth.—The business performed in the offices of the several Commissioners.

3d. Another very important section of the duties of the Local Revenue Officers is the management of the Government Law Suits in their Department, but the Superintendent and Remembrancer of Legal Affairs reports specially to the Government on this subject, and it does not therefore require to be included in the Board's review.

4th. Most of the materials necessary for the Board's Report exist in their own office, but on the second, third, and seventh heads they require to be furnished with information from the local Officers. You will be good enough therefore to report upon those heads in connection with tabular statements prepared according to the annexed Forms. These will be found to be quite simple in themselves, but to obviate the chance of misapprehension, the Board have added directions to guide you in preparing the statements. It is to be understood that no Returns or Reports whatever of your subordinates are to be submitted. The Report is to be drawn on Consultation paper in the form of a letter from yourself, remarking on the tabular statements in juxtaposition with or immediately following them, as exemplified in the Forms. Your remarks are to be made in the order followed in the directions noted on the Forms for your guidance, and they are to be confined strictly to the points indicated in those directions, as the statements will exhibit in themselves whatever else is necessary to be known.

5th. Forms A to E, relating to Khass and Resumed Mehals, you will perceive, provide only for the information which it has heretofore been customary to submit in or with the Operation Statements, and this information Collectors were instructed to prepare and hold in readiness by the Board's orders of the 30th of May, while the Summary Suits statement and the statement of business performed in the offices of the several Collectors can be immediately compiled from the district returns which exist in your own office. Under these circumstances, and as your remarks under the limitations which the Board have prescribed, can be easily added, and must necessarily be short, there need be no delay in the submission of your present Report. The Board will accordingly look to receive it by the 15th of November,

[*Government Gazette, 22d June,* 1847.]

কার্য্য হইয়াছে এবং উত্তর কালে যে২ বন্দোবস্তী কার্য্য করিতে হইবেক তাহা।

তৃতীয়। সরাসরী মোকদ্দমা।

চতুর্থ। বাজেয়াপ্তী মোকদ্দমা।

পঞ্চম। ভূমির বাকী রাজস্ব আদায়ের জন্যে মহালের নীলাম।

ষষ্ঠ। রাজস্বের কার্য্যকারকেরদের প্রার্থনায় গবর্ণমেণ্টের দাবীপ্রযুক্ত যাহারা কয়েদ হইয়াছে।

সপ্তম। নানা কালেক্টর সাহেবের সিরিশ্তায় যেং মুৎফরক্কা ও অন্যান্য কর্ম্ম উপরোক্ত কোন ঘরে লেখা যায় নাই তাহা।

অষ্টম। নানা কমিস্যনর সাহেবের সিরিশ্তায় যেং কর্ম্ম নির্ব্বাহ হইয়াছে তাহা।

৩। স্থান বিশেষে রাজস্বের কার্য্যকারকেরদের এক মুখ্য কার্য্য এই যে আপনং এলাকায় সরকারী মোকদ্দমা নির্ব্বাহ করণ কিন্তু আইনসম্পর্কীয় কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট ও রিমেম্ব্রান্সর সাহেব এই বিষয়ে গবর্ণমেণ্টে বিশেষরূপে রিপোর্ট করেন অতএব বোর্ডের রিপোর্টের মধ্যে তাহা লিখিবার আবশ্যক নাই।

৪। বোর্ডের রিপোর্টের মধ্যে যেং বিষয় লিখিতে হইবেক তাহার কাগজপত্র তাঁহারদের সিরিশ্তায় প্রায়ই আছে কিন্তু উপরের লিখিত দ্বিতীয় ও তৃতীয় এবং সপ্তম বিষয়ের বৃত্তান্ত স্থানবিশেষের কার্য্যকারকহইতে তাঁহারদের পাইবার আবশ্যক। অতএব নীচের লিখিত পাঠানুসারে কৈফিয়ৎ প্রস্তুত করিয়া তাহার সঙ্গে সেইং বিষয়ের রিপোর্ট পাঠাইবা। দৃষ্ট হইবেক যে এই সকল পাঠ অতিসহজ কিন্তু ভুল কোন মতে না হয় এতদর্থ বোর্ডের সাহেবেরা ঐ কৈফিয়ৎ প্রস্তুত করিবার বিষয়ে তোমার উপদেশের জন্যে নানা নিয়ম লিখিয়াছেন। তোমার জানা কর্ত্তব্য যে তোমার অধীন কার্য্যকারকের কোন রিপোর্ট কিম্বা রিটর্ন পাঠাইতে হইবেক না। ঐ রিপোর্ট তোমার এক পত্রের ন্যায় কনসলটেসন নামক কাগজে প্রস্তুত করিতে হইবেক এবং নানা পাঠে যেরূপ নির্দ্দিষ্ট আছে সেইরূপে টেবিলের ন্যায় প্রস্তুত করা কৈফিয়তের বিষয়ে ঐ কৈফিয়তের পাশাপাশি অথবা তাহার অব্যবহিত পরে তোমার মন্তব্য কথা লিখিতে হইবেক। এবং তোমার উপদেশের নিমিত্তে যেং পাঠ প্রস্তুত হইয়াছে তাহার মধ্যে নির্দ্দিষ্ট নিয়মের ক্রমানুসারে তোমার ঐ মন্তব্য কথা লিখিতে হইবেক এবং ঐং নিয়মের মধ্যে যে বিষয় লেখা আছে কেবল সেই বিষয়ে তোমার অভিপ্রায় লিখিতে হইবেক। যেহেতুক অন্য যে কোন বিষয় জানা আবশ্যক তাহা ঐ কৈফিয়তের মধ্যে দৃষ্ট হইবেক।

৫। তোমার দৃষ্ট হইবেক যে কার্য্য নির্ব্বাহের কৈফিয়তে কি তাহার সঙ্গে এইপর্য্যন্ত যেং বৃত্তান্ত পাঠাইবার রীতি আছে কেবল সেইং বৃত্তান্ত পাঠাইবার হুকুম খাস ও বাজেয়াপ্ত মহালের বিষয়ি A চিহ্নিতঅবধি E চিহ্নিতপর্য্যন্ত পাঠে হুকুম আছে এবং মে মাসের ৩০ তারিখের বোর্ডের হুকুমক্রমে কালেক্টর সাহেবদিগকে সেই বৃত্তান্ত লিখিয়া প্রস্তুত রাখিতে আদেশ করা গিয়াছিল। সরাসরী মোকদ্দমার বিষয়ি কৈফিয়ৎ ও নানা কালেক্টর সাহেবের কাছারীতে যেং কার্য্য নির্ব্বাহ হইয়াছে তাহার কৈফিয়ৎ তোমার নিজ সিরিশ্তায় নানা জিলার যে রিপোর্ট আছে তাহাহইতে অবিলম্বে সংগ্রহ হইতে পারে এইং বিষয় বিবেচনা করিয়া এবং বোর্ডের সাহেবেরা তোমার মন্তব্য কথার যে সীমা নির্দ্দিষ্ট করিয়াছেন তদ্দৃষ্টে ঐ মন্তব্য কথা অনায়াসে লেখা যাইতে পারে এবং সুতরাং অতিসংক্ষেপ হইবেক ইহাও বিবেচনা করিয়া তোমার এই রিপোর্ট পাঠাইবার বিষয়ে বিলম্বের আবশ্যক নাই। অতএব বোর্ডের সাহেবেরা এক্ষণে যে সাধারণ রিপোর্ট প্রস্তুত করিতেছেন তাহা বৎসরের শেষ হওনের পূর্ব্বে তাঁহারা সমাপ্ত করিয়া

at latest, so as to enable them to complete their General Report (now in progress,) and submit it to Government before the end of the year. In future they will expect your report to reach them by the 1st July, that is, in two months after the close of the official year, there being no reason whatever for any greater delay. The value of returns of this nature depends in a great measure on their early receipt, and the credit of the department is involved in the ability of the Board to lay a report on the Revenue administration of the year before the Government, and eventually before the authorities in England, with business-like punctuality.

6th. These orders will be found to supersede the Board's several Circulars noted on the margin.*

(Signed) G. PLOWDEN,
Sudder Board of Revenue, *Offg. Secretary.*
Fort William, the 21st Sept., 1846.

Directions for the preparation of the Statement A.

All Estates *whatever*, the bona fide property of Government up to the date on which the Return closes, are to be included in this statement. Estates finally settled and transferred to the Towjee are not to be deducted, the design of the statement being to show the disposition and management of *all* Estates the proprietary right in which belongs to the State.

Column 2. Farms and other Settlements concluded during the year are not to be considered as such and entered under Column 2, unless the leases have taken effect within the year.

Columns 5 and 6. Will show the actual demand, settled or estimated, according to which the collections are made.

Column 14. Will include only *extra* charges on account of establishment specially entertained, for making the collections and keeping the accounts, and the percentage of the charges is to be calculated only on the collections of those particular Mehals for which the additional expence is incurred—to wit, the absolutely unsettled Mehals.

Column 16. Will comprize Estates restored to former Proprietors and expunged as diluviated or untraceable, but mere removals to the Towjee are not as already observed to be deducted.

Column 19. Will comprize all new acquisitions within the year excepting those by purchase such as Churs and Escheats.

Column 21. Will of course correspond with Column 4.

Columns 22 to 24. It will be borne in mind that these columns have reference only to such of the purchased Mehals as have been settled.

Column 22. Will thus include so many of the Mehals appearing in Column 2 as were acquired by purchase.

---

* No. 45, dated 3d July, 1838; No. 26, dated 18th July, 1840; No. 37, dated 15th October, 1840; No. 14, dated 5th May, 1841.

গবর্নমেন্টে প্রেরণ করিতে পারেন্ এতদর্থ তাঁহারা অপেক্ষা করেন্ যে নিদানে নবেম্বর মাসের ১৫ তারিখে তোমার রিপোর্ট তাঁহারদের নিকটে পঁহুছিবেক তাঁহারা অপেক্ষা করেন্ যে উত্তর কালে তোমার রিপোর্ট জুলাই মাসের ১ তারিখে অর্থাৎ সরকারী বৎসরের শেষ হওনের পর দুই মাসের মধ্যে তাঁহারদের নিকটে পঁহুছিবেক ততোধিক বিলম্বের কোন কারণ নাই। এই প্রকার রিপোর্ট শীঘ্র পঁহুছনেতে তাহা মূল্যবান জ্ঞান হইবেক এবং সম্বৎসরের রাজস্বের কার্য্যের রিপোর্ট যদি বোর্ডের সাহেবেরা উপযুক্ত সময়ের মধ্যে গবর্ণমেন্টের নিকটে এবং তৎপরে ইঙ্গলণ্ড দেশে কর্ত্তৃত্বকারিরদের নিকটে পাঠাইতে অসমর্থ হন্ তবে এই সিরিশ্তার অপমান হইবেক।

৬। এই হুকুমক্রমে বোর্ডের নীচের লিখিত নানা সরক্যুলর অর্ডর * রহিত হইল।

জি প্লৌডন। এক্টিং সেক্রেটারী।
সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ২১ সেপ্টেম্বর।

A চিহ্নিত কৈফিয়ৎ। কৈফিয়ৎ প্রস্তুত করণের নিয়ম।

এই রিপোর্ট লিখিবার শেষ তারিখে সরকারের প্রকৃত প্রস্তাবে নিজ যে কোন প্রকার মহাল থাকে সেই সকল মহাল এই কৈফিয়তের মধ্যে লিখিতে হইবেক। যে মহালের চূড়ান্ত বন্দোবস্ত হইয়া তৌজীতে দাখিল হইয়াছে তাহা বর্জ্জিত করিতে হইবেক না যেহেতুক এই কৈফিয়তের অভিপ্রায় এই হয় যে সকল মহালে সরকারের মালিকী স্বত্ত্ব আছে সেই সকল মহালের অবস্থা ও সরবরাহ দৃষ্ট হয়।

২ ঘর। যে সকল ইজারা ও অন্যান্য বন্দোবস্ত বৎসরের মধ্যে করা গিয়াছে তাহার পাট্টার কার্য্য যদি বৎসরের মধ্যে আরম্ভ না হইয়া থাকে তবে তাহা ইজারাহওয়া কি বন্দোবস্তী মহালের মধ্যে গণ্য হইবেক না ও ২ ঘরে লেখা যাইবেক না।

৫ ও ৬ ঘর। বন্দোবস্তহওয়া কি আনুমানিক যে নিশ্চয় দাওয়াঅনুসারে রাজস্ব আদায় করা যাইতেছে তাহা এই ঘরে লিখিতে হইবেক।

১৪ ঘরে। রাজস্ব আদায় করণের ও হিসাব রাখিবার জন্যে বিশেষমতে নিযুক্তহওয়া আমলাইত্যাদির বাবৎ যে উপরি খরচ হইয়াছে কেবল তাহা লেখা থাকিবেক এবং যে বিশেষ মহালের জন্যে উপরি খরচ হইয়াছে অর্থাৎ যে মহালের কোন প্রকার বন্দোবস্ত নাই সেই মহালের উসুলহওয়া টাকা হিসাব করিয়া খরচা শতকরা নির্দ্দিষ্ট করিতে হইবেক।

১৬ ঘরে। যে সকল মহাল পূর্ব্বকার মালিকদিগকে ফিরিয়া দেওয়া গিয়াছে এবং সিকস্ত কি খোজ না পাওনপ্রযুক্ত উঠাইয়া দেওয়া গিয়াছে তাহাই লেখা যাইবেক। কিন্তু যেমন পূর্ব্বে কহা গিয়াছে তেমনি তৌজীতে দাখিলহওয়া মহাল বাদ দিতে হইবেক না।

১৯ ঘরে। খরীদহওয়া মহালভিন্ন বৎসরের মধ্যে যে সকল চর ও লাওয়ারিসইত্যাদি মহাল সরকারে লব্ধ হয় তাহা লেখা থাকিবেক।

২১ ঘর। ৪ ঘরের সদৃশ হইবেক।

২২অবধি ২৪পর্য্যন্ত ঘর। মনে রাখিতে হইবেক যে এই সকল ঘরে খরীদহওয়া যে সকল মহালের বন্দোবস্ত হইয়াছে কেবল তাহারি বিষয় লেখা থাকিবেক।

অতএব ২ ঘরে লিখিত যে সকল মহাল সরকার খরীদের দ্বারা প্রাপ্ত হইয়াছেন তাহা ২২ ঘরে লেখা থাকিবেক।

---

* ১৮৩৮ সালের ৩ জুলাই তারিখের ৪৫ নম্বর। ১৮৪০ সালের ১৮ জুলাই তারিখের ২৬ নম্বর। ১৮৪০ সালের ১৫ অক্টোবর তারিখের ৩৭ নম্বর। ১৮৪১ সালের ৫ মে তারিখের ১৪ নম্বর।

A.—Estates the bona fide property of Government, viz. Purchases, Escheats, and Churs or Islands decreed to be the property of the State—their disposition and management.

Districts.	No. of Mehals.			Demand.			Collection.			Balance on 30th April, 1846.			Percentage of charges incurred in the management of Estates held Khass, calculated on the collections realized from them.	Reconcilement of the No. of Mehals on the present statement as compared with the No. shewn last year.							Memorandum of Purchased Mehals.		
	Leased or settled Ryotwaree.	Managed Khass or only settled Summarily.	Total.	Jumma of 1845-46.	Balance outstanding on the 1st May, 1845.	Total.	On account of 1845-46.	On account of former balance.	Total.	On account of 1845-46.	On account of former years.	Total.		In last year's statement.	Removed from the list during the present year.	Remaining.	Acquired in the present year by purchase.	In other ways.	Total additions.	Total in the present Statement.	No. of purchased Mehals which have been settled.	The former Sudder Jumma.	Their Sudder Jumma as now settled.
1	2	3	4	5	6	7	8	9	10	11	12	13	14	15	16	17	18	19	20	21	22	23	24
Total.																							

A চিহ্নিত কৈফিয়তের পাঠ—যে সকল মহাল প্রকৃত প্রস্তাবে সরকারের নিজ সম্পত্তি অর্থাৎ খরিদহওয়া ও লাওয়ারিসপ্রযুক্ত প্রাপ্ত মহাল এবং যে চর কি দ্বীপ সরকারের সম্পত্তি স্বরূপ ডিক্রী হইয়াছে তাহা ও তাহার অবস্থা ও সরবরাহ।

জিলা	মহালের নম্বর			দাওয়া			আদায়			১৮৪৬ সালের ৩০ আপ্রিলের হিসেবের বাকী			খাস তহসীলের মহালহইতে প্রাপ্ত রাজস্বের হিসাব করিয়া তাহার সরবরাহ কার্য্যে শতকরা যত খরচ হইয়াছে তাহা	এই কৈফিয়তে মহালের সংখ্যা গত বৎসরের মহালের সংখ্যার সঙ্গে মিল							খরিদহওয়া মহালের নিদর্শন		
	ইজারা দেওয়া কি রাইয়তের সঙ্গে বন্দোবস্ত হওয়া	যে মহাল খাসে আছে কি কেবল সরাসরীমতে বন্দোবস্ত হইয়াছে	মোট	১৮৪৫। ৪৬ সালের জমার	১৮৪৫ সালের ১ মে তারিখের বাকীর	মোট	১৮৪৫। ৪৬ সালের	সাবেক বাকী	মোট	১৮৪৫। ৪৬ সালের	সাবেক বৎসরের	মোট		গত বৎসরের কৈফিয়তে	সন হালে ফিরিস্তিহইতে উঠান গিয়াছে	অবশিষ্ট	বর্ত্তমান বৎসরে খরীদ হয়	অন্য প্রকারে পাওয়া যায়	নূতন প্রাপ্ত মহালের জমলা	এই কৈফিয়তের মোট	খরীদ হওয়া যত মহালের বন্দোবস্ত হইয়াছে	সাবেক সদর জমা	এক্ষণে যে সদর জমা বন্দোবস্ত হইয়াছে
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪
মোট																							

Directions for the Remarks to be made on the Statement.

First.—Column 6. If in any district there should be a discrepancy between the balance brought forward in this Column, and the corresponding balance shown in the statement of the previous year, state whether it has been satisfactorily reconciled by the Collector.

Second.—Column 13. For each district in succession, note, first, the amount of the total outstanding balance of this Column respectively due from the settled Mehals, (Column 2), and the unsettled Mehals (Column 3). Next—divide the total balance outstanding from the settled Mehals into the following classes, viz.:

Since realized.
Since remitted.
Suspended.
Bad and irrecoverable.
Good and for realization.

And explain shortly from what cause and under what authority the suspended portion has been suspended, why the irrecoverable portion has not been remitted or reported for remission, and why the good balance was not realized. Then divide and explain the total balance outstanding from the unsettled Mehals in the same manner.

Third.—Column 14. If in any district the charges of management exceed 15 per cent. on the collections, the cause to be briefly explained.

Fourth.—Column 16. Total.—Give a detail of the total removals from the statement for the *Division* as follows:

Diluviated, ——————
Untraceable, &c. ————

Total corresponding with total of Column 16, ... ————

—

Directions for the preparation of the Statement B.

All resumed Mehals must remain on the list until the Settlement is finally confirmed, and they are borne on the District Rent Roll or until they are otherwise removed from the list under the orders of a competent authority.

Columns 2, 6, 7, and 15—See the directions given for the corresponding Columns of Statement A, viz. Columns 2, 5, 6 and 14.

Column 18—Will include all deductions whatever, excepting removals to the Towjee which are to be shown in Col. 17.

Column 22—Will of course correspond with Column 5.

—

Directions for the Remarks to be made on the Statement.

Columns 7, 14 and 15—Follow precisely the directions given for the corresponding Columns of Statement A viz. Cols. 6, 13, and 14.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২২ জুন।]

কৈফিয়তের বিষয়ে মন্তব্য কথা লিখিবার নিয়ম।

প্রথম। ৬ ঘর। যদি কোন জিলাতে গত বৎসরের কৈফিয়তের লিখিত বাকীর এবং এই ঘরের লিখিত বাকীর ব্যতিক্রম হয় তবে কালেক্টর সাহেব সেই ব্যতিক্রম খাতিরজমামতে মিলাইয়াছেন কি না তাহা লেখ।

দ্বিতীয়। ১৩ ঘর। ক্রমেতে প্রত্যেক জিলার বিষয়ে এই২ লিখিতে হইবেক। প্রথম ২ ঘরের লিখিত বন্দোবস্তহওয়া মহালের ও ৩ ঘরের লিখিত বন্দোবস্ত না হওয়া মহালের যত বাকী পাওনা আছে তাহার মোট। পরে বন্দোবস্তহওয়া মহালের যে বাকী থাকে তাহার জুমলা নীচের লিখিত সম্প্রদায়ে বিভাগ কর অর্থাৎ।

পরে আদায় হইল।
পরে ক্ষমা করা গেল।
স্থগিত।
অপ্রাপ্য।
আদায় করিবার অপেক্ষা আছে।

এবং যে ভাগ স্থগিত হইল তাহা যে কারণে ও যাঁহার অনুমতিতে স্থগিত হইল তাহা এবং যে ভাগ নিতান্ত অপ্রাপ্য তাহার ক্ষমা না হওয়ার কারণ অথবা ক্ষমাহওয়ার জন্যে রিপোর্ট না হওয়ার কারণ এবং যাহা আদায় হইবার যোগ্য তাহা আদায় না হওয়ার কারণ। তৎপরে বন্দোবস্ত না হওয়া মহালের সমুদয় বাকী সেইরূপে বিভাগ কর ও স্পষ্ট করিয়া লেখ।

তৃতীয়। ১৪ ঘর। যদি কোন জিলাতে মহালের সরবরাহের খরচ তাহার জমার উপর শতকরা ১৫৲ টাকার অধিক হয় তবে তাহার কারণ সংক্ষেপে লেখ।

চতুর্থ। ১৬ ঘর। মোট। তোমার এলাকায় কৈফিয়ৎহইতে যে সকল মহাল খারিজদাখিল হইয়াছে তাহার বিবরণ নীচের লিখিতমতে লেখ।

সিকস্তহওয়া। ——————
যাহার খোজ নাই। ইত্যাদি। ————

মোট ১৬ ঘরের মোটের সঙ্গে ঐক্য। ————

—

B চিহ্নিত কৈফিয়ৎ। কৈফিয়ৎ প্রস্তুত করণের বিধি।

বাজেয়াপ্ত সকল মহালের বন্দোবস্ত যাবৎ চূড়ান্তরূপে মঞ্জুর না হয় ও যাবৎ সেই মহাল জিলার তৌজিতে দাখিল না হয় অথবা যাবৎ উপযুক্ত ক্ষমতাপন্ন কোন কার্য্যকারকের হুকুমক্রমে ফিরিস্তিহইতে উঠান না যায় তাবৎ সেই বাজেয়াপ্ত মহাল ফিরিস্তিতে থাকিবেক।

২। ৬। ৭। ১৫ ঘর। A চিহ্নিত পাঠের ২। ৫। ৬। ১৪ ঘর প্রস্তুত করণের বিধি দেখ।

১৮ ঘরে বাদ দেওয়া সকল মহাল লেখা থাকিবেক কিন্তু যে সকল মহাল তৌজীতে দাখিল হইয়াছে তাহা ১৭ ঘরে লেখা থাকিবেক।

২২ ঘর। ৫ ঘরের সদৃশ হইবেক।

—

কৈফিয়তের বিষয়ি মন্তব্য কথা লিখনের নিয়ম।

৭। ১৪। ১৫ ঘরের বিষয়ে A চিহ্নিত কৈফিয়তের ৬। ১৩। ১৪ ঘরের বিষয়ে যে নিয়ম আছে তদনুসারে কর।

B.—Resumed Mehals—the property of Individuals—their disposition and management.

1	No. of Mehals.				Demand.			Collection.			Balance on the 30th April, 1846.			15	Reconcilement of the No. of Mehals in the present Statement as compared with the number shewn last year.						
Districts.	2 Settled in detail.	3 Settled Summarily.	4 Managed Khass.	5 Total.	6 Jumma of 1845-46.	7 Balance outstanding on the 1st May, 1845.	8 Total.	9 On account of 1845-46.	10 On account of former balance.	11 Total.	12 On account of 1845-46.	13 On account of former years.	14 Total.	Per centage of charges incurred in the management of Estates held Khass calculated in the collections realized from them.	16 In last year's Statement.	17 Deduct removed to the Towjee.	18 Deduct resumptions reversed in appeal or removed from other causes.	19 Total Deductions.	20 Remaining.	21 Added by Resumptions during the year.	22 Total in the present Statement.
Total.																					

B চিহ্নিত কৈফিয়তের পাঠ। বাজেয়াপ্ত মহাল—বিশেষ ব্যক্তিরদের সম্পত্তি—সেই মহালের অবস্থা ও সরবরাহ।

১	মহালের সংখ্যা				দাওয়া			আদায়			১৮৪৬ সালের ৩০ আপ্রিলের বাকী			১৫	গত বৎসরের কৈফিয়তে মহালের যে সংখ্যা তাহার সঙ্গে এই কৈফিয়তের মহালের সংখ্যার মিল						
জিলা	২ বিশেষরূপে বন্দোবস্ত	৩ সরাসরীরূপে বন্দোবস্ত	৪ খাস তহসীল	৫ মোট	৬ ১৮৪৫। ৪৬ সালের জমার	৭ ১৮৪৫ সালের ১ মে তারিখে বাকীর	৮ মোট	৯ ১৮৪৫। ৪৬ সালের	১০ সাবেক বাকী	১১ মোট	১২ ১৮৪৫। ৪৬ সালের	১৩ সাবেক বৎসরের	১৪ মোট	খাস তহসীলের মহালহইতে প্রাপ্ত রাজস্বের হিসাব করিয়া তাহার সরবরাহ কার্য্যে শতকরা যত খরচ হইয়াছে তাহা	১৬ গত বৎসরের কৈফিয়তে	১৭ তৌজীতে দাখিলপ্রযুক্ত বাদ	১৮ আপীলক্রমে বাজেয়াপ্তের হুকুম রদপ্রযুক্ত কি অন্য কোন কারণে উঠাইয়া দেওনপ্রযুক্ত বাদ	১৯ বাদ মোট	২০ অবশিষ্ট	২১ সন হালের বাজেয়াপ্ত মহাল বৃদ্ধি	২২ এই কৈফিয়তের মোট

Column 18—Total—Give a detail of the total removals from the Statement for the *Division* under this Column as follows:

Released in appeal ——————

Expunged as being under 100 Bs. and lying within the limits of a permanently assessed Estate of the Decennial Settlement ——————

Released under the 50 Beega order

Resumed more than once ——————

Diluviated ——————

Non-existent or untraceable, &c. ——

Total corresponding with the total of Column 18 ——————

১৮ ঘর। মোট। এলাকার কৈফিয়ৎহইতে যে মহাল উঠাইয়া দেওয়া গিয়াছে তাহার মোটের বেওরা নীচের লিখিতমতে এই ঘরে লেখ।

আপীলক্রমে খালাস হইল।——

১০০/ বিঘার কম এবং ইস্তমুরারী জমা ধার্য্যহওয়া দশসনী বন্দোবস্তী মহালের সীমানার মধ্যে হওয়াপ্রযুক্ত উঠাইয়া দেওয়া গেল।

৫০/ বিঘার বিষয়ি হুকুমক্রমে খালাস হইল। ——————

একের অধিকবার বাজেয়াপ্ত। ——

সিকস্ত হইল। ——————

বর্ত্তমান নাই কি তাহার খোজ নাই ইত্যাদি। ——————

১৮ ঘরের মোটের সঙ্গে ইহার মোটের মিল।——

C.—Progress in Settlements.

1	2	3		Government Mehals from Statement A.				Resumed Mehals from Statement B.			
				4		5		6		7	
				Settled Summarily.		Leased or Settled Ryotwaree.		Settled Summarily.		Settled under Reg. VII. of 1822.	
Districts.	Name of Settling Officers.	Period of Employment.									
		Months.	Days.	No.	Jumma.	No.	Jumma.	No.	Jumma.	No.	Jumma.
	Total.										
	Total.										
	Total.										
	Total										
	Grand Total.										

C চিহ্নিত কৈফিয়তের পাঠ।

বন্দোবস্ত চলন।

১ জিলা	২ বন্দোবস্তী কার্য্য কারকের নাম	৩ যত কাল কর্ম্মে নিযুক্ত আছেন		A চিহ্নিত কৈফিয়ৎহইতে দাখিল হওয়া সরকারী মহাল				B চিহ্নিত কৈফিয়ৎহইতে দাখিল হওয়া বাজেয়াপ্ত মহাল			
				৪ সরাসরীমতে বন্দোবস্ত		৫ ইজারা দেওয়া কি রাই য়তের সঙ্গে বন্দোবস্ত		৬ সরাসরী মতে বন্দোবস্ত		৭ ১৮২২ সালের ৭ আইনানুসারে বন্দোবস্ত	
		মাস	দিন	সংখ্যা	জমা	সংখ্যা	জমা	সংখ্যা	জমা	সংখ্যা	জমা
	মোট										
	মোট										
	মোট										
	মোট										
	সমুদয়ের মোট										

Directions for the preparation of the Statement C.

Column 2—Will contain the names of only those Officers who actually effected any Settlements during the year.

Columns 4 and 6—Will of course include only summary arrangements running from year to year pending a regular settlement.

Columns 5 and 7—Will include all regular settlements (whether temporary or permanent) as distinct from summary arrangements.

Direction for the Remarks to be made on the Statement.

For each District in succession, remark on the sufficiency or otherwise of the work performed, and give a brief opinion as to the merits not only of the Officers whose names may appear on the statement, but of all the subordinate Revenue Officers, Covenanted and Uncovenanted in every department employed in each District.

[*Government Gazette, 22d June, 1847.*]

C কৈফিয়ৎ প্রস্তুত করণের নিয়ম।

২ ঘরে যেং কার্য্যকারক সন হালের মধ্যে কোন মহালের বন্দোবস্ত সমাপ্ত করিয়াছেন কেবল তাঁহারদের নাম থাকিবেক।

৪। ৬ ঘরে জাবেতামত বন্দোবস্তের অপেক্ষায় বৎসরে২ যে সরাঁসরী নিয়ম হয় কেবল তাহা লেখা থাকিবেক।

৫। ৭ ঘরে সরাসরী বন্দোবস্তভিন্ন যে সকল জাবেতামত বন্দোবস্ত মিয়াদী কিম্বা ইস্তমুরারীরূপে ধার্য্য হয় তাহা লেখা থাকিবেক।

কৈফিয়তের বিষয়ি মন্তব্য কথা লিখিবার নিয়ম।

প্রত্যেক জিলাতে যে সকল কার্য্য হইয়াছে তাহা প্রচুর কি না এই বিষয়ে একাদিক্রমে তোমার মত লেখ এবং যে কার্য্যকারকেরদের নাম কৈফিয়তে লেখা থাকে কেবল তাঁহারদের নহে কিন্তু প্রত্যেক জিলার প্রতি সিরিশ্তার চিহ্নিত এবং অচিহ্নিত রাজস্বসম্পর্কীয় যে সকল কার্য্যকারক নিযুক্ত ছিলেন তাঁহারদের যোগ্যতার বিষয়ে তোমার মত সংক্ষেপে লেখ।

D.—State as regards Settlement of all the Government and Resumed Mehals exhibited in Statements A and B respectively.

1	2			3			4			5			6			7									
Districts.	Number of Mehals.			Not requiring Settlement as being already permanently or temporarily settled.			Settled during the year from 1st May, 1845, to 30th April, 1846.			Remaining for the following Season.			State of the Settlements.			Progress made in disposing of Settlement cases during the year from 1st May, 1845, to 30th April, 1846.									
																Com.			Collector or Supt.				Depy. Collr.		
	A	B	Total	A	B	Total	A	B	Total	A	B	Total	Confirmed by Comr., Collector or Supt.	Pending Confirmation.	Total corresponding with Totals of Cols. 3 and 4.	Confirmed during the year.	Pending at the end of the year.	Total on the file during the year.	Confirmed during the year.	Reported during the year.	Pending at the end of the year.	Total on the file during the year.	Reported during the year.	Pending at the end of the year.	Total on the file during the year.
Total																									

D চিহ্নিত কৈফিয়তের পাঠ।—A এবং B চিহ্নিত কৈফিয়তের লিখিত সরকারী এবং বাজেয়াপ্ত মহালের বন্দোবস্তের অবস্থা।

১	২			৩			৪			৫			৬			৭									
জিলা	মহালের সংখ্যা			ইস্তমুরারী কি মিয়াদী বন্দোবস্ত হওয়াপ্রযুক্ত বন্দোবস্তের আবশ্যক নাই			১৮৪৫ সালের ১ মে অবধি ১৮৪৬ সালের ৩০ আপ্রিল পর্য্যন্ত বন্দোবস্ত হইল			আগামি বৎসরের নিমিত্তে অবশিষ্ট থাকিল			বন্দোবস্তের অবস্থা			১৮৪৫ সালের ১ মে অবধি ১৮৪৬ সালের ৩০ আপ্রিল পর্য্যন্ত বন্দোবস্তী মোকদ্দমার নিষ্পত্তি করণ বিষয়ি কার্য্য যেপর্য্যন্ত হইয়াছে									
																কমিস্যনর			কালেক্টর বা সুপরিন্টেণ্ডেণ্ট				ডেপুটী কালেক্টর		
	A	B	মোট	A	B	মোট	A	B	মোট	A	B	মোট	কমিস্যনর কি কালেক্টর কিম্বা সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের দ্বারা মঞ্জুর	মঞ্জুরীর অপেক্ষা	৩ । ৪ ঘরের মোটের মিল মোট	বৎসরের মধ্যে মঞ্জুর হইল	বৎসরের শেষে মুলতবী রহিল	সম্বৎসরের নথীর মোট	বৎসরের মধ্যে মঞ্জুর হইল	বৎসরের মধ্যে রিপোর্ট হইল	বৎসরের শেষে মুলতবী রহিল	সম্বৎসরের নথীর মোট	বৎসরের মধ্যে রিপোর্ট হইল	বৎসরের শেষে মুলতবী রহিল	সম্বৎসরের নথীর মোট
মোট																									

Directions for the preparation of the Statement D.

Column 2, A—The details and total must correspond with those of Column 4, of Statement A and

Column 2, B—Must correspond in like manner with Column 5, Statement B.

Column 4, A—Must correspond with Col. 5, C and Column 4, B, with Column 7, C.

The aggregates of Columns 3, 4 and 5, will of course make up the numbers entered in Column 2 and Mehals settled only summarily will under the above method come out under Column 5, among those remaining for settlement—that is, regular settlement.

The remaining headings sufficiently explain themselves.

Directions for the Remarks to be made on the Statement.

First.—Columns 2, 4, 5—If in the case of any district there should not be the proper correspondence between the Statements as above indicated, state whether the Collector has satisfactorily explained the discrepancy.

Second.—Column 7,—Remark on the sufficiency or otherwise of the progress made in disposing of Settlement cases during the year, explain any apparent deficiencies and subjoin a list showing the years to which the Settlements pending respectively before the Commissioner, Collector or Superintendent and Deputy Collectors at the end of the year severally belong.

D চিহ্নিত কৈফিয়ৎ প্রস্তুত করণের নিয়ম।

A ২ ঘর। ইহার বেওরা ও মোট A চিহ্নিত কৈফিয়তের ৪ ঘরের সঙ্গে মিলিবেক।

B ২ ঘর। B চিহ্নিত কৈফিয়তের ৫ ঘরের সঙ্গে সেইরূপ মিলিবেক।

A ৪ ঘর C চিহ্নিত কৈফিয়তের ৫ ঘরের সঙ্গে মিলিবেক এবং B ৪ ঘর C চিহ্নিত কৈফিয়তের ৭ ঘরের সঙ্গে মিলিবেক।

৩। ৪। ৫ ঘরের মোট ২ ঘরের লিখিত মোটের সংখ্যার সঙ্গে সুতরাং মিলিবেক এবং সেই নিয়মমতে যে সকল মহালের কেবল সরাসরীমতে বন্দোবস্ত হইয়াছে তাহার বন্দোবস্ত হওনের জন্যে অর্থাৎ জাবেতামত বন্দোবেস্ত হওনের জন্যে ৫ ঘরে থাকা মহালের মধ্যে লেখা যাইবেক।

অন্য সকল ঘরের শিরনামায় দৃষ্টি করিলে তাহার অভিপ্রায় বুঝা যাইবেক।

এই কৈফিয়তের মন্তব্য কথা লিখিবার নিয়ম।

প্রথম।—২। ৪। ৫ ঘর। যদি কোন জিলাতে উপরের লিখিত কৈফিয়তের উপযুক্তমত ঐক্য না হয় তবে কালেক্টর সাহেব তাহার অনৈক্যের মাতবর কারণ জানাইয়াছেন কি না তাহা লেখ।

দ্বিতীয়।—৭ ঘর। বৎসরের মধ্যে বন্দোবস্তী মোকদ্দমার নিষ্পত্তি যেপর্য্যন্ত হইয়াছে তাহা প্রচুর কি না এই বিষয় লেখ। ত্রুটি দৃষ্ট হইলে তাহার কারণ লেখ। এবং বৎসরের শেষে কমিস্যনর সাহেব কিম্বা কালেক্টর সাহেব বা সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব এবং ডেপুটী কালেক্টরেরদের নিকটে যে সকল বন্দোবস্তী মোকদ্দমা মুলতবী ছিল সেই সকল মোকদ্দমা যেং বৎসরের মোকদ্দমা তাহার এক ফিরিস্তি লেখ।

E.—Settlements remaining and Disposition of Settling Officers for the ensuing season of operations.

1	2	3			4			5	6	7			
		A or Govt. Mehals capable of immediate settlement.			B or resumed Mehals capable of immediate settlement.					Distribution of Mehals incapable of settlement or immediate settlement.			
Districts.	Present Agency.	Number.	Estimated Ruqbah. B C D	Estimated Jummah. A R P	Number.	Estimated Ruqbah. B C D	Estimated Jummah. A R P	No. of A and B Mehals incapable of settlement or immediate settlement.	Total of A and B Mehals remaining to be settled corresponding with Col. 5, of Statement D.	Untraceable.	Resumed Estates released on security pending decision of appeal.	From other causes.	Total corresponding with total of Col. 5.
	Total.												

[*Government Gazette*, 22d *June*, 1847.]

E চিহ্নিত কৈফিয়তের পাঠ।

আগামি বৎসরের জন্যে যেং বন্দোবস্ত করিতে থাকিল তাহা এবং ঐ সময়ের নিমিত্তে বন্দোবস্তকারি আমলারদের বিলি।

১	২	৩			৪			৫	৬	৭			
		A চিহ্নিত সরকারী যে মহালের অগৌণে বন্দোবস্ত হইতে পারে			B চিহ্নিত। বাজেয়াপ্ত যে মহালের অবিলম্বে বন্দোবস্ত হইতে পারে					যে মহালের বন্দোবস্ত হইতে পারে না কি এক্ষণে হইতে পারে না তাহার বৃত্তান্ত			
জিলা	এক্ষণকার কার্য্যকারক	সংখ্যা	আন্দাজী রকবা	আন্দাজী জমা	সংখ্যা	আন্দাজী রকবা	আন্দাজী জমা	A এবং B চিহ্নিত যে মহালের বন্দোবস্ত হইতে পারে না বা এক্ষণে হইতে পারেনা তাহার সংখ্যা	A এবং B চিহ্নিত যে মহালের বন্দোবস্ত হইবার অবশিষ্ট থাকিল তাহার মোটের D চিহ্নিত পা-ঠের ৫ ঘরের সঙ্গে মিল	খোজ পাওয়া গেল না	বাজেয়াপ্ত মহাল জামিনী লইয়া আপীলী নিষ্পত্তির অপেক্ষায় খালাস হইল	অন্য কারণে	মোট ৫ ঘরের মোটের সঙ্গে মিল
	মোট												

Directions for the preparation of the Statement E.

Col. 2. Will show the whole Revenue Agency of the district, viz. the Collector and every officer, Covenanted and Uncovenanted, subordinate to him, and not only those officers whom it may be proposed to employ on the Settlement operations.

Columns 3 and 4. Will in like manner show the aggregate business capable of being taken up, bracketted against the whole agency of the district.

Column 6. Besides corresponding with Col. 5, D. will of course also correspond with the aggregate of Columns 3, 4 and 5, of this statement.

The remaining headings sufficiently explain themselves.

Directions for the Remarks to be made on the Statement.

First. Col. 2. Remark on the sufficiency or otherwise of the existing Agency in each district, specifying to what extent it ought to be increased or might be decreased.

Second. Col. 7. Explain, first, why the untraceable Mehals have not been reported for removal from the list, and then give a list in detail of the causes preventing the settlement or immediate settlement of the total estates entered under the 3rd Division of Col. 7.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ২২ জুন।]

E চিহ্নিত কৈফিয়ৎ প্রস্তুত করণের নিয়ম।

২ ঘর। জিলাতে রাজস্বসম্পর্কীয় যত কার্য্যকারক নিযুক্ত আছেন সেই সকল অর্থাৎ বন্দোবস্তী কার্য্যেতে যে কার্য্যকারকদিগকে নিযুক্ত করিবার প্রস্তাব হইয়াছে কেবল তাঁহারদের নহে কিন্তু কালেক্টর সাহেব ও তাঁহার অধীন চিহ্নিত এবং অচিহ্নিত প্রত্যেক কার্য্যকারকের নাম এই ঘরে দৃষ্ট হইবেক।

৩ ও ৪ ঘরের মধ্যে সেইরূপে যে সকল কার্য্য নির্ব্বাহ হইতে পারিবেক তাহার মোট লিখিতে হইবেক এবং জিলার মধ্যে সমস্ত রাজস্বের কর্ম্মকারকের নামের পাশাপাশি "ব্রাকেট" দিয়া লিখিতে হইবেক।

৬ ঘর। D চিহ্নিত ৫ ঘরের সঙ্গে মিলিবেক কেবল নহে কিন্তু সুতরাং এই কৈফিয়তের ৩। ৪। ৫ ঘরের মোটের সঙ্গে মিলিবেক।

অন্যান্য ঘরের শিরনামায় দৃষ্টি করিলে তাহার অভিপ্রায় জানা যাইবেক।

এই কৈফিয়তের মন্তব্য কথা লিখিবার নিয়ম।

প্রথম। ২ ঘর। প্রত্যেক জিলাতে যে সকল কার্য্যকারক নিযুক্ত আছেন তাঁহারদের সংখ্যা প্রচুর কি না এবং কিপর্য্যন্ত বৃদ্ধি করা উচিত কি তাহা ন্যূন হইতে পারে তাহা লেখ।

দ্বিতীয়। ৭ ঘর। প্রথমে যে মহালের খোজ নাই তাহা ফিরিস্তিহইতে উঠাইয়া দিবার জন্যে যে কারণে, রিপোর্ট না হইয়াছে তাহা লেখ। পরে ৭ নম্বরী ঘরের তৃতীয় ভাগেতে যে সমুদয় মহাল লেখা আছে তাহার বন্দোবস্ত কি অগৌণে বন্দোবস্ত করিবার যে বাধা আছে তাহার দেওয়া লেখ।

Summary Suits.

1	2	3	4	5	6
Districts.	Pending on the 30th April 1845.	Instituted during the year 1845-46.	Total.	Decided during the year.	Pending at the close of the year.
Total, ...					

Remark here on the sufficiency or otherwise of the number of Suits decided in each district, and explain any apparent deficiencies. Then subjoin a detail of the total number of suits pending in the Division at the end of the year as follows :—

Suits pending more than a year, ———
Ditto more than 6 months, ———
Ditto more than 3 months, ———
Ditto less than 3 months, ———

Total corresponding with total of Column 6, ...

সরাসরী মোকদ্দমা।

১	২	৩	৪	৫	৬
জিলা	১৮৪৫ সালের ৩০ আপ্রিল তারিখে মুলতবী	১৮৪৫। ৪৬ সালে উপস্থিত	মোট	বৎসরের মধ্যে নিষ্পত্তি হইল	বৎসরের শেষে মুলতবী রহিল
মোট ...					

প্রত্যেক জিলাতে যে মোকদ্দমার নিষ্পত্তি হইয়াছে তাহার সংখ্যা প্রচুর কি না এই বিষয় লেখ এবং যদি কোন ত্রুটি দৃষ্ট হইয়াছিল তবে তাহার কারণ লেখ তৎপরে বৎসরের শেষে এলাকার মধ্যে যত মোকদ্দমা মুলতবী আছে তাহার সংখ্যার বেওরা নীচের নির্দ্দিষ্টমতে লেখ।

এক বৎসরের অধিক মুলতবী মোকদ্দমা ———
ছয় মাসের অধিক ঐ ———
তিন মাসের অধিক ঐ ———
তিন মাসের কম ঐ ———

মোট ৬ ঘরের মোটের সঙ্গে মিল

[*Government Gazette*, 22*d June*, 1847.]

Business not included in the foregoing Statement performed in the Collector's Office during the year, from 1st May 1845 to 30th April 1846.

1	2	3	4	5	6	7	8	9
Description of Cases.	Pending at the close of the past year.	Instituted during the year.	Total.	Disposed of.	Total disposed of.	Remaining.	Total remaining.	Remarks.
	Districts.	Districts.	Districts.	Districts.		Districts.		
1 Dakhil Kharij Cases, ...								
2 Butwarrahs,...								
3 Appeals against Revenue Sales referred by Commissioner for investigation.								
4 Lotbundees of Sales in satisfaction of Decrees, ...								
5 Execution of Summary Decrees, ...								
6 Sale under Regulation VIII. of 1819, ...								
7 Pension Cases,								
8 Cases under Section 30, Regulation II. 1819, ...								
9 Miscellaneous Cases, ...								
10 Reports and Pleadings in Civil Suits in which Government is a party,								
11 Cases relating to Abkarree, ...								
৫ দফা। পরন্তু সে যাহা হউক তুমি রেবিনিউর সরকুলরের লিখিত বিধি মারিণের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে পাঠাইয়া আদেশ কর যে তিনি সমুদ্রে গমনাগমনকারি গবর্ণমেণ্টের জাহাজ ও বাষ্পীয় জাহাজের অধ্যক্ষদিগকে উত্তর কালে এই বিধি প্রতিপালন করিতে আজ্ঞা করেন্ যে যখন কোন স্থানে লইয়া যাইবার জন্যে তাঁহারদের জিম্মায় টাকাপ্রভৃতি মুদ্রা সমর্পণ হয় তখন তাঁহারা তাহা পাইবার সময়ে হয় জাহাজের উপর কিম্বা প্রেরণকারি কার্য্যকারকের খাজানাখানাতে ঐ টাকার প্রত্যেক বাক্স ওজন করেন কিন্তু খাজানাখানাতেই তাহা ওজন করিলে ভাল হয়। এবং টাকা পাইবার সময়ে প্রেরণকারি কার্য্যকারককে তাঁহারা যে রসীদ দেন সেই রসীদে তাঁহারা ঐ বাক্সের ওজনও লেখেন।

(যথার্থ নকল।)

ডবলিউ মেপল্‌স।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আক্কৌণ্টেণ্টের
একটিং অতিরিক্ত আসিষ্টাণ্ট।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 10.

To the Civil Authorities in the Lower Provinces.

The Court notify that Circular Order, Sudder Dewanny Adawlut, No. 84, dated the 20th March, 1840, having been virtually superseded by the 10th Clause of the Rules of the 24th July last, for regulating leave of absence and acting allowances to public officers in India, not in the Covenanted Service of the East India Company, is hereby rescinded. All Judicial Officers who may be hereafter removed from one district to another, will be requir-

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

১০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা জানাইতেছেন যে কোম্পানি বাহাদুরের অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিষয়ি এবং একটিংরূপে কর্ম্ম করণ সময়ের বেতনবিষয়ি গত জুলাই মাসের ২৪ তারিখের বিধির ১০ দফার দ্বারা সদর দেওয়ানী আদালতের ১৮৪০ সালের ২০ মার্চ তারিখের ৮৪ নম্বরী সরকুলর অর্ডর কাযেকাযে রদ হইয়াছে অতএব ঐ সরকুলর অর্ডর রহিত হইল। উত্তর কালে যে সকল বিচারককে এক জিলাহইতে অন্য জিলায় পাঠান যায় তাঁহারদিগকে উক্ত

ed to conform to the rule above referred to, and are hereby directed to take notice accordingly.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 26th March, 1847.

No. 11.

To the Zillah and City Judges in the Lower Provinces.

1. The Court, having had before them the several returns to the Circular Order of the 17th November, 1845, find that instead of exhibiting the whole of the sums of money which came into the custody of the Nazirs of Moonsiffs in the first six months of 1846, they show in most instances only the sums received by those Officers *to their own use.*

2. As the information actually supplied from most districts, is insufficient for the purpose which the Court had in view, that of determining the amount of security to be demanded from Nazirs of Moonsiffs; and as the operation of Act IV. 1846, is calculated to increase the amount of money passing through the hands of those officers, the Court request to be furnished at the close of the current year with a Statement in the following form.

বিধির অনুসারে কার্য্য করিতে হইবেক এবং তদ্বিষয়ে তাঁহারদিগকে মনোযোগ করিতে ইহার দ্বারা হুকুম হইল।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ২৬ মার্চ।

১১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের জিলা ও শহরের জজ সাহেব বরাবরেষু।

১। সদর অদালতের সাহেবেরা ১৮৪৫ সালের ১৭ নবেম্বর তারিখের সরকুলর অর্ডরে হুকুম করা নানা রিপোর্ট দৃষ্টি করিয়া অবগত হইয়াছেন যে ১৮৪৬ সালের প্রথম ছয় মাসে মুনসেফেরদের নাজিরেরদের জিম্মায় যত টাকা অর্পণ হইল সেই সমুদয় টাকা লিখিত না হইয়া ঐ নাজিরেরা আপনারদের নিমিত্তে যত টাকা পাইল কেবল তাহাই প্রায় সকল রিপোর্টের মধ্যে লেখা গেল।

২। ঐ সরকুলর অর্ডর পাঠাওনেতে সদর আদালতের এই অভিপ্রায় ছিল যে মুনসেফেরদের নাজিরের স্থানে যত টাকার জামিনীর দাওয়া করিতে হয় তাহা নির্ণয় করিতে পারেন্ কিন্তু প্রায় সকল জিলাহইতে যে সকল বৃত্তান্ত এক্ষণে পাওয়া গিয়াছে তাহাতে ঐ অভিপ্রায় সিদ্ধ হইতে পারে না এবং ১৮৪৬ সালের ৪ আইনের কার্য্যের দ্বারা ঐ নাজিরেরদের হাতে যে টাকা আইসে তাহার সংখ্যার বৃদ্ধি হইবার সম্ভাবনা আছে অতএব সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে বর্ত্তমান বৎসরের শেষে তুমি নীচের লিখিত পাঠানুসারে এক কৈফিয়ৎ পাঠাও।

Statement of the amount of money which came into the custody of the Nazirs of the Moonsiffs, during the year 1847.

Moonsiffships.	Received and paid away in the 1st quarter.		Received and paid away in the 2nd quarter.		Received and paid away in the 3rd quarter.		Received and paid away in the 4th quarter.	
	Received.	Paid.	Received.	Paid.	Received.	Paid.	Received.	Paid.

Fort William, the 23d April, 1847.

W. KIRKPATRICK, *Deputy Register.*

১৮৪৭ সালে মুনসেফেরদের নাজিরেরদের জিম্মায় যত টাকা আইল তাহার কৈফিয়ৎ।

যে স্থানের মুনসেফ	প্রথম তিন মাসে যত টাকা জমা হইল ও দেওয়া গেল		দ্বিতীয় তিন মাসে যত টাকা জমা হইল ও দেওয়া গেল		তৃতীয় তিন মাসে যত টাকা জমা হইল ও দেওয়া গেল		চতুর্থ তিন মাসে যত টাকা জমা হইল ও দেওয়া গেল	
	জমা হইল	দেওয়া গেল	জমা হইল	দেওয়া গেল	জমা হইল	দেওয়া গেল	জমা হইল	দেওয়া গেল

ফোর্ট উলিয়ম ১৮৪৭। ২৩ আপ্রিল।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৭। ২৯ জুন]

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 5.

To the Criminal Authorities in the Lower Provinces.

As commitments made by Officers in charge of Thannas of several Zillahs, are sometimes transferred for trial to a Zillah, other than that in which the crime was perpetrated, the Court direct that such commitments be entered in Column 16 ("transferred") of Statement No. 1, of the District in which the crime was committed, and in columns 8 and 9, ("received by transfer,") and 12, ("committed") of Statement No. 1, of the district in which the commitments are to be tried, a note being added in each Statement explanatory of the circumstances of the case.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 30th April, 1847.

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

যে কার্য্যকারকেরদের জিম্মায় ভিন্ন২ জিলার থানা আছে তাঁহারা যে জিলাতে অপরাধ হইয়াছিল তদ্ভিন্ন অন্য জিলায় ঐ অপরাধের মোকদ্দমা কখন২ সোপর্দ্দ করেন অতএব সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে যে জিলাতে অপরাধ হইয়াছিল সেই জিলার ১ নম্বরী কৈফিয়তের ১৬ ঘরে "খারিজ" এই শিরনামার নীচে ঐ মোকদ্দমা লেখেন এবং যে জিলাতে ঐ সোপর্দ্দহওয়া মোকদ্দমার বিচার হইবেক সেই জিলার ১ নম্বরী কৈফিয়তের ৮ ও ৯ ঘরে "দাখিল প্রযুক্ত প্রাপ্ত" এই শিরনামার নীচে এবং ১২ ঘরে "সোপর্দ্দ হইল" এই শিরনামার নীচে তাহা লেখেন এবং ঐ মোকদ্দমার বিবরণসূচক প্রত্যেক কৈফিয়তে মন্তব্য কথা লিখিতে হইবেক।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ৩০ আপ্রিল।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

EDUCATION NOTICE.

The next Meeting of the Committee appointed for the examination of Candidates for promotion and employment in the Education Department will be held in the Hindu College on Saturday, the 4th of July, at 10 A. M.

Detailed particulars of the nature and extent of the examination, the number of vacancies in the department, &c. &c., will be afforded by the Secretary to the Council of Education, to all candidates on *personal* application.

(By order)

FRED. J. MOUAT, M. D.,
Secretary Council of Education.

বিদ্যাধ্যাপনের ইশ্‌তিহার।

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে উচ্চ পদ প্রাপণের এবং কর্ম্মে নিযুক্ত হওনের আকাঙ্ক্ষিরদের পরীক্ষার্থ কমিটির আগামি বৈঠক ৪ জুলাই তারিখ শনিবার বেলা দশ ঘণ্টার সময়ে হিন্দু কালেজে হইবেক।

পরীক্ষার প্রকার এবং যেপর্য্যন্ত পরীক্ষা হইবেক ও বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে যত পদ শূন্য আছে ইত্যাদি বিস্তারিত বৃত্তান্ত কর্ম্মাকাঙ্ক্ষী যে কোন জন বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেবের নিকটে নিজে উপস্থিত হইয়া জানিতে চাহেন তিনি তাঁহার স্থানে জানিতে পারিবেন।

হুকুমক্রমে।

এফ জে মৌআট।
বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 18th June, 1847.

Munmohun Baboo, Moonsiff of Nowabgunge, Zillah 24-Pergunnahs, for seven days from 15th instant.

Baboo Kaleepershad Dutt, Moonsiff of Manbhoom, for fifteen days from the 30th April last to the 14th ultimo.

The 24th June, 1847.

Baboo Mudoosoodun Chatterjee, Moonsiff of Attyah, Zillah Mymensingh, for two weeks.

Baboo Kassisur Mitter, Moonsiff of Sooksagur, Zillah Nuddea, for one month from the 23d instant.

The leave of absence for fifteen days, granted on the 4th instant, to Baboo Kassisur Mitter, Moonsiff of Sooksagur, Zillah Nuddeah, to commence from the 8th instead of from the 4th idem.

B. J. COLVIN, *Register.*

[*Government Gazette,* 29*th June,* 1847.]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৭ সাল ১৮ জুন।

জিলা চব্বিশপরগনার নবাবগঞ্জের মুনসেফ শ্রীযুত মনোমোহন বাবু বর্ত্তমান মাসের ১৫ তারিখঅবধি সাত দিনের ছুটী পাইয়াছেন।

মানভূমের মুনসেফ শ্রীযুত বাবু কালীপ্রসাদ দত্ত গত আপ্রিল মাসের ৩০ তারিখঅবধি গত মাসের ১৪ তারিখপর্য্যন্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ২৪ জুন।

জিলা ময়মুনসিংহের আটিয়ার মুনসেফ শ্রীযুত বাবু মধুসূদন চাটুয্যা দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা নদীয়ার সুখসাগরের মুনসেফ শ্রীযুত বাবু কাশীশ্বর মিত্র বর্ত্তমান মাসের ২৩ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা নদীয়ার সুখসাগরের মুনসেফ শ্রীযুত বাবু কাশীশ্বর মিত্রকে বর্ত্তমান মাসের ৪ তারিখে যে পনের দিনের ছুটী দেওয়া যায় তাহা বর্ত্তমান মাসের ৪ তারিখঅবধি আরম্ভ না হইয়া ৮ তারিখঅবধি আরম্ভ হইবেক।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৩১৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ৯ জুন।

আসিষ্টাণ্ট অথচ ভাগলপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্যকারি শ্রীযুত ডবলিউ সি ওয়াটসন সাহেব (Mr. W. C. Watson,) ফরক্কাবাদে নিযুক্ত হইয়া মুরশিদাবাদের সমশেরগঞ্জ ও সুতি ও পলসা থানার এবং ভাগলপুরে ফরক্কাবাদ ও কালিকাপুর ও ফুটকিপুর ও রাজমহাল থানার অধ্যক্ষতা কর্ম্ম করিবেন এবং অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঐ এলাকায় জাইণ্ট মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

রাজশাহীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জে আর মসপ্রাট সাহেব (Mr. J. R. Muspratt,) ঐ জিলাতে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু জয়নারায়ণ দাসের পরিবর্ত্তে শ্রীযুত বাবু চন্দ্রশেখর চৌধুরী পশ্চিম বর্দ্ধমানে প্রদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

১৮৪৭ সাল ১৬ জুন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সম্মতিক্রমে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেব নীচের লিখিত নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত ই এম গর্ডন সাহেব (Mr. E. M. Gordon.) গত মাসের ১ তারিখঅবধি সদর বোর্ডের মেম্বর হইবেন।

শ্রীযুত জে হকিন্স সাহেব (Mr. J. Hawkins,) গত মাসের ১ তারিখঅবধি কিঞ্চিৎ কালপর্য্যন্ত সদর আদালতের জজ হইবেন।

শ্রীযুত ই করি সাহেব (Mr. E. Currie,) গত মাসের ৭ তারিখঅবধি সদর জজী ক্ষমতাপ্রাপ্ত হইয়া ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনর হইবেন।

শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেব নীচের লিখিত নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত বি জে কলবিন সাহেব (Mr. B. J. Colvin,) গত মাসের ১ তারিখঅবধি সদর আদালতের রেজিষ্টর হইবেন।

শ্রীযুত ই ডিড্স সাহেব (Mr. E. Deedes,) গত মাসের ১ তারিখঅবধি কটকের সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত সি গার্ষ্টিন সাহেব (Mr. C. Garstin,) গত মাসের ১ তারিখঅবধি পশ্চিম বর্দ্ধমানের সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত জি এ সি প্লৌডন সাহেব (Mr. G. A. C. Plowden,) গত মাসের ৭ তারিখঅবধি সদর বার্ড রেবিনিউর সেক্রেটারী হইবেন।

শ্রীযুত এ এস আনাণ্ড সাহেব (Mr. A. S. Annand,) গত মাসের ৭ তারিখঅবধি ছিলটের কালেক্টর হইবেন।

শ্রীযুত ডবলিউ গ্রে সাহেব (Mr. W. Grey,) গত মাসের ৭ তারিখঅবধি ছির্লটের মাজিষ্ট্রেট হইবেন। অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত গ্রে সাহেব বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারীর কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত ই জেনকিন্স সাহেব (Mr. E. Jenkins,) গত মাসের ৭ তারিখঅবধি হাবড়ার মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত সি এফ মণ্ট্রেসর সাহেব (Mr. C. F. Montresor,) গত আপ্রিল মাসের ১০ তারিখঅবধি দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত সি এস বেল্লাই সাহেব (Mr. C. S. Belli,) যশোহরে বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা নীচের লিখিত নিয়োগ করিয়াছেন। এই নিয়োগ গত আপ্রিল মাসের ২৮ তারিখঅবধি চলিবেক।

শ্রীযুত কাপ্তান তামস ইলস রজর্স সাহেব (Captain Thomas Eales Rogers,) মারিণের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত কাপ্তান রজর্স সাহেবের (Captain Rogers,) পরিবর্ত্তে শ্রীযুত কাপ্তান এ বি ক্লাপর্টন সাহেব (Captain A. B. Clapperton) মাষ্টর এটেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত কাপ্তান জে জে আর বোমান সাহেব (Captain J. J. R. Bowman,) মাষ্টর এটেণ্ডেণ্টের প্রধান আসিষ্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৪৭ সাল ৯ জুন।

কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট শ্রীযুত এম এস গিলমোর সাহেব (Mr. M. S. Gilmore,) আপন কর্ম্মের ভার শ্রীযুত টি বি মাকটিয়র সাহেবের (Mr. T. B. Mactier,) প্রতি অর্পণ করিয়া এক মাসের ছুটী পাইয়াছেন।

পুলোপিনাঙ্গ ও সিংহপুর ও মলাকার শ্রীযুত গবর্নর্ সাহেব মলাকার চিকিৎসক শ্রীযুত জে এ রাটন সাহেবকে (Mr. J. A. Ratton,) গত মার্চ মাসের ৩১ তারিখে যে ছুটী দেন তদতিরিক্ত গত মাসের ১০ তারিখপর্য্যন্ত পীড়াপ্রযুক্ত যে ছুটী দেন তাহা মঞ্জুর হইল।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ১৬ জুন।

শ্রীযুত ই এস পিয়র্সন সাহেব ও শ্রীযুত এ পিগু সাহেবের (Messrs. E. S. Pearson, and A. Pigou,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবার যে নিয়োগ ২৭ আপ্রিল ও ৪ মে তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তাহা ক্রমশঃ আপ্রিল মাসের ২৮ তারিখঅবধি ও মে মাসের ৭ তারিখঅবধি চলিবেক।

১৮৪৭ সাল ১৯ জুন।

মুরশিদাবাদের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ পি রসেল সাহেব (Mr. H. P. Russell,) বর্ত্তমান মাসের ৯ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন।

শাহাবাদের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত টি ট্রটর সাহেব (Mr. T. Trotter,) বর্ত্তমান মাসের ৭ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২৯ জুন।]

NOTICE.

The Supreme Government having sanctioned the holding of a Fair on the British side of the Bootan Frontier, for the revival and encouragement of Trade, and peaceable intercourse between the inhabitants of Boctan, Sikim, and Nipal, and the people of Rungpoor, Dinajpoor, Malda, Purneah, and of the British Provinces generally, it is hereby notified for general information, that the Fair will take place annually at Titalya, during the full moon of the Hindu month of Pous, and that every protection to the persons, and property of Foreigners, and our own subjects will be secured by the contemplated arrangements, as well as every facility afforded to Trade, and Barter at this new Mart.

The Fair will commence on Saturday, the 18th December, 1847, and continue till Saturday, the 25th idem.

A. Campbell, M. D.,

Darjeeling, 9th June, 1847. *Superintendent of Darjeeling, and in charge of Bootan Frontier.*

ইশ্‌তিহার।

রঙ্গপুর ও দিনাজপুর ও মালদহ ও পূরণিয়া এবং সাধারণমতে ইঙ্গলণ্ডীয়েরদের অধীন দেশীয়েরদের সঙ্গে ভোটান ও সিকীম ও নেপালীয় লোকেরদের বাণিজ্য এবং শান্তিপূর্ব্বক ব্যবসা পুনঃ স্থাপন করিবার ও তাহাতে উৎসাহ দিবার অভিপ্রায়ে সুপ্রিম গবর্ণমেণ্ট অনুমতি দিয়াছেন যে ভোট দেশের যে অঞ্চল ইঙ্গলণ্ডীয়েরদের অধিকারে আছে সেই অঞ্চলে মেলা হয়। অতএব সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বৎসরে২ পৌষ মাসের পূর্ণিমাতে তিতালিয়া স্থানে মেলা হইবেক এবং যে নিয়ম করা যাইবেক তাহার দ্বারা বিদেশীয় লোকেরদের এবং ইঙ্গলণ্ডীয় প্রজারদের ও তাহারদের সম্পত্তির রক্ষা হইবেক এবং এই নূতন মেলাতে যাহাতে বাণিজ্যব্যবসার সুগম হয় এমত উপায় করা যাইবেক।

ঐ মেলা ১৮৪৭ সালের ১৮ ডিসেম্বর তারিখ শনিবারে আরম্ভ হইয়া ঐ মাসের ২৫ তারিখ শনিবারপর্য্যন্ত চলিবেক।

এ কাম্বেল।

দারজিলিঙ্গ ১৮৪৭। ৯ জুন। দারজিলিঙ্গের সুপরিণ্টেণ্ডেণ্ট ও ভোটান অঞ্চলের অধ্যক্ষ।

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, made on the eighteenth day of June instant, the matters of the petition of EDMUND BURKE RYAN, late of Chowringhee, in the town of Calcutta, late Taxing Officer, and Record-keeper of the Supreme Court of Judicature, at Fort William in Bengal, and Chief Clerk of the Court for the Relief of Insolvent Debtors at Calcutta, and late a prisoner confined for debt in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard on Saturday, the seventh day of August next.

The names of the Creditors of the said EDMUND BURKE RYAN appear in a Schedule filed in the Office of the Chief Clerk, to which any Creditors may refer.

W. N. Hedger, *Insolvent's Attorney.*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

কলিকাতা নগরের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আদালতের প্রধান ক্লার্ক ও বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্টের টাক্স বিষয়ের কার্য্যকারক ও রিকার্ড রক্ষক কলিকাতা নগরের চৌরঙ্গীনিবাসী এডমণ্ড বর্ক রাএন সাহেব সম্প্রতি কলিকাতা নগরের সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইন দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জুন মাসের ১৮ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি আগস্ট মাসের ৭ তারিখ শনিবারে শুনা যায়।

উক্ত এডমণ্ড বর্ক রাএন সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন। ডবলিউ এন হেজর। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court made on the sixteenth day of June instant, the matters of the petition of HENRY CLARKE, an Uncovenanted Deputy Magistrate in the service of the East India Company, and formerly of the district of Behar, Indigo Planter and Trader, and late a prisoner confined for debt in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard on Saturday, the seventh day of August next.

The names of the Creditors of the said HENRY CLARKE appear in a Schedule filed in the Office of the Chief Clerk, to which any Creditors may refer.

W. N. Hedger, *Insolvent's Attorney.*

পূর্ব্বে সুবে বেহারে নীলকর ও সওদাগর পরে কোম্পানি বাহাদুরের অচিহ্নিত ডেপুটী মাজিষ্ট্রেট হেনরি ক্লার্ক সাহেব সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইন দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জুন মাসের ১৬ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি আগস্ট মাসের ৭ তারিখ শনিবারে শুনা যায়।

উক্ত হেনরি ক্লার্ক সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন। ডবলিউ এন হেজর। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, made on the thirty-first day of May last, the matters of the petition of FREDERICK CONSTANTINE BOLST sued by the name of Frederick Bolst, late of Mehendy Bagan, in the Town of Calcutta, an Assistant in the Home Department, in the service of the East India Company, on their Bengal Establishment, and late a prisoner confined for debt in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his

late Majesty King George the Fourth, entitled an act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard on Saturday, the seventh day of August next.

The names of the Creditors of the said FREDERICK CONSTANTINE BOLST appear in a Schedule filed in the Office of the Chief Clerk, to which any Creditors may refer.

W. N. HEDGER, *Insolvent's Attorney.*

বাঙ্গলা দেশে কোম্পানি বাহাদুরের দেশীয় ডিপার্টমেণ্টে আসিষ্টাণ্ট কলিকাতা নগরের মেন্দি বাগান নিবাসি ফ্রেড্রিক বোলষ্ট নামে সকীনাহওয়া ফ্রেড্রিক কনষ্টাণ্টাইন বোলষ্ট সাহেব সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইন দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত মে মাসের ৩১ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি আগষ্ট মাসের ৭ তারিখ শনিবারে শুনা যায়।

উক্ত ফ্রেড্রিক কনষ্টাণ্টাইন বোলষ্ট সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

ডবলিউ এন হেজর। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given that by an order of the said Court, made on the sixteenth day of June instant, the matters of the Petition of WILLIAM HICKIE, late of Wellington Square, in the Town of Calcutta, an assistant in the Home Department, in the service of the East India Company, on their Bengal Establishment, and late a prisoner confined for debt in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled an Act to provide for the relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard on Saturday, the seventh day of August next.

The names of the Creditors of the said WILLIAM HICKIE, appear in a Schedule filed in the Office of the Chief Clerk, to which any Creditors may refer. W. N. HEDGER, *Insolvent's Attorney.*

বাঙ্গলা দেশের কোম্পানি বাহাদুরের দেশীয় ডিপার্টমেণ্টে আসিষ্টাণ্ট কলিকাতা নগরের ওএলিংটন ইস্কোএর নিবাসি উলিয়ম হিকি সাহেব কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনের দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জুন মাসের ১৬ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি আগষ্ট মাসের ৭ তারিখ শনিবারে শুনা যায়।

উক্ত উলিয়ম হিকি সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন। ডবলিউ এন হেজর। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the 19th day of June instant, the Schedule of NICHOLAS CHARLES BIALE, late of Weston's Lane, in the Town of Calcutta, and now residing at Chandernagore, in the province of Bengal, Merchant, heretofore carrying on business in Copartnership with Henry Lewis Christiana, and John Edward Campbell Koch, under the firm of Biale, Koch and Company, against whom an Adjudication of Insolvency was made and pronounced by this Court, on the seventh day of the present month of June, on the application of one Goverdhone Mullick, a creditor of the said Nicholas Charles Biale, has been filed in this Court, and that the matters of the said Schedule, and application, are appointed to be heard in the said Court, on Saturday, the seventh day of August next, at the hour of eleven o'clock in the forenoon.

The names of the creditors of the said NICHOLAS CHARLES BIALE appear in his said Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditors may refer.

Calcutta, 22d June, 1847. PAUL and SMELT, *Insolvent's Attornies.*

বাএল কক কোম্পানির নামে হেনরি লুইস কৃষ্টিয়ানা সাহেব ও জান এড্বার্ড কাম্বেল কক সাহেবের সঙ্গে যৌতায় কর্ম্মকারি সওদাগর পূর্ব্বে কলিকাতা নগরের ওএষ্টন লেন নিবাসি এক্ষণে বাঙ্গলা দেশের চন্দননগর নিবাসি নিকলস চার্লস বাএল সাহেব যোত্রহীন বটেন এমত নির্দ্ধারণ উক্ত নিকলস চার্লস বাএল সাহেবের মহাজন গোবর্দ্ধন মল্লিকের দরখাস্তমতে বর্ত্তমান জুন মাসের ৭ তারিখে উক্ত আদালতে হইল অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জুন মাসের ১৯ তারিখের উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার তফসীল এই আদালতে দাখিল হইয়াছে এবং উক্ত তফসীলের ও দরখাস্তের মর্ম্ম আগামি আগষ্ট মাসের ৭ তারিখ শনিবার বেলা এগার ঘন্টার সময়ে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত নিকলস চার্লস বাএল সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা। ১৮৪৭। ২২ জুন। পাল ও স্মেল্ট। যোত্রহীনের উকীল।

In the matter of RADAMOHUN MITTER, late of Gurranhattah, in the Town of Calcutta, Merchant and Trader, and now residing at Burnagore, in the district of the Twenty-four Pergunnahs.

NOTICE is hereby given, that by an order made on the 21st day of June instant, It was adjudged that the Petition of Sumboochunder Doss, a creditor of the said RADAMOHUN MITTER, was true, and that the said Radamohun Mitter had committed an Act of Insolvency, and that by another order of the said Court, made on the same day, Robert O'Dowda was appointed Assignee of the Estate of the said Insolvent, dated this 21st day of June, 1847.

PAUL AND SMELT, *Attornies for the Petitioner.*

পূর্ব্বে কলিকাতা নগরের গরাণহাটা নিবাসি সওদাগর ও ব্যবসায়ী এক্ষণে জিলা চব্বিশপরগনার বরাহনগর নিবাসি রাধামোহন মিত্রের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জুন মাসের ২১ তারিখে নির্দ্ধারণ হইল যে উক্ত রাধামোহন মিত্রের মহাজন সম্ভুচন্দ্র দাস যে দরখাস্ত দাখিল করেন তাহা সত্য এবং উক্ত রাধামোহন মিত্র যোত্রহীন বটেন এবং উক্ত আদালতের সেই তারিখের অন্য হুকুমক্রমে শ্রীযুত রাবর্ট ওড়োডা সাহেব উক্ত যোত্রহীনের ইষ্টেটের আসৈনি পদে নিযুক্ত হন। ১৮৪৭। ২১ জুন।

পাল ও স্মেল্ট। দরখাস্তকারির উকীল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২৯ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 6, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ৬ জুলাই।

ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 19TH JUNE, 1847.

The following Act is passed by the Honourable the President of the Council of India in Council, on the 19th of June, 1847, with the assent of the Right Hon'ble the Governor General of India, which has been read and recorded.

Ordered, that the Act be promulgated for general information.

ACT No. X. OF 1847.

An Act for amending Act XXX. of 1836.

It is hereby enacted, that within the Territories subject to the Government of the East India Company whenever any Court not included under the provisions of Act XXIV. of 1843, shall sentence any offender to imprisonment for life under the provisions of Act XXX. of 1836, it shall at the same time sentence such offender to transportation beyond sea for life, unless there should be special reasons inducing the Court to think such prisoner not a proper subject for transportation, which special reasons the Court is hereby directed to record.

P. MELVILL,
Under Secy. to the Govt. of India.

আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৭ সাল ১৯ জুন।

ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের সম্মতিক্রমে পশ্চাৎ লিখিত আইন ১৮৪৭ সালের ১৯ জুন তারিখে ভারতবর্ষের কৌন্সেলের শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব হজুর কৌন্সেলে জারী করিলেন। শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের ঐ সম্মতিপত্র পাঠ হইয়া কৌন্সেলের বহীতে অর্পণ হইয়াছে।

হুকুম হইল যে এই আইন সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল ১০ আইন।

১৮৩৬ সালের ৩০ আইন সংশোধনের আইন।

ইহাতে হুকুম হইল যে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে যখন ১৮৪৩ সালের ২৪ আইনের বিধানের অসম্পর্কীয় কোন আদালত ১৮৩৬ সালের ৩০ আইনের বিধিক্রমে কোন অপরাধিকে যাবজ্জীবন কয়েদের দণ্ডের হুকুম দেন্ তখন ঐ অপরাধি ব্যক্তিকে দ্বীপান্তর প্রেরণের উপযুক্ত পাত্র বোধ না করিবার বিশেষ কারণ না থাকিলে ঐ আদালত ঐ অপরাধিকে যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের হুকুম দিবেন এবং ঐ বিশেষ কারণ রোয়দাদের মধ্যে লিখিতে ঐ আদালতকে ইহার দ্বারা হুকুম দেওয়া গেল।

পি মেলবিল।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

REPORTS OF SUMMARY CASES DETERMINED IN THE COURT OF SUDDER DEWANNY ADAWLUT.

March 17th, 1847.—An order to stay the sale of property, about to be sold by the Collector in execution of a decree, was transmitted by the Civil Court, but not received by the Collector

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তি হওয়া সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৪৭ সাল ১৭ মার্চ।

ডিক্রী জারীক্রমে কালেক্টর সাহেব সম্পত্তি নীলাম করিতে উদ্যত হইলেন এবং ঐ নীলাম স্থগিত করিবার হুকুম দেওয়ানী আদালতহইতে পাঠান যায় কিন্তু নীলাম হওনের পূর্ব্বে কালেক্টর সাহেবের নিকটে সেই হুকুম

prior to its sale.—Held that the sale could not be set aside.

Shumboonath Roy—Petitioner.

This was an appeal from an order of the Judge of Dacca, dated 11th December, 1846, cancelling a sale made by the Collector in execution of a decree.

The sale had been ordered to take place on the 26th October, 1846, at the Collector's Office. On that day the Judgment debtor and decree-holder both appeared before the Judge, when the former offered to pay Rup[illegible] satisfac[illegible] ees 881-8, in satisfaction of the decree, but his offer was declined by the decree-holder, who, agreeing to take Rupees 1889-3-10, the [illegible] um was [illegible] tant paid. The debtor than presented a petition, requesting that the sale might be stopped; and he requested that it, the original petition, might be sent with the Judge's order on it, to the Collector instantly by a Peon, as that was the day fixed for the sale. The Judge so forwarded it, and on the following day, sent a copy of the Petition with an official proceeding. The sale did not take place on the 26th but on the 27th October. The Collector did not see the petition or order transmitted by the Peon on the 26th and concluded the sale before the receipt of the Judge's order on the 27th. It reached him, however, before the usual deposit had been made by the purchaser. It was made afterwards, and the residue of the purchase money paid in.

On an appeal against the sale, the Judge reversed it, and from his order the Petitioner, the purchaser of the property, appealed to the Sudder Dewanny Adawlut.

By the Court (present Mr. Tucker.)

"It does not appear from the Judge's Rooboocarry, that he examined Joomun, the Peon, as to the delivery to the Collector of the Petition, so that he has cancelled the sale on the simple fact that the money was paid into his Court on the day before the sale, which is not sufficient. The debtor was ignorant that the sale would be postponed till the 27th; he was under the impression that the sale was actually going on, whilst he was bargaining with his creditor at the Judge's Court, and a debtor procrastinating in this manner must be responsible for failure from mishap. He ought not to have gone to the Judge's Office on the day of the sale. The sale was advertized to take place at the Collector's Office, and the debtor knew, that unless the money was paid, or the orders of the Court to stop the sale received in time, the sale would take place. I can detect no one single lack or flaw on the part of the purchaser; the lot being knocked down to him, before the Judge's orders were received, he had a positive right to make the deposit and complete the sale. I therefore annul the Judge's order, and confirm the sale." Order accordingly.

April 5th, 1847.—Execution of the decree of a Civil Court, adjudging land to a party, may be taken

পঁহুছিল না। তাহাতে বিধান হইল যে ঐ নীলাম অন্যথা হইতে পারে না।

শম্ভুনাথ রায়। দরখাস্তকারী।

ডিক্রী জারীক্রমে কালেক্টর সাহেব যে নীলাম করিলেন তাহা ঢাকার জজ সাহেব ১৮৪৬ সালের ১১ ডিসেম্বর তারিখে অন্যথা করিতে হুকুম দিলেন সেই হুকুমের উপর এই আপীল হয়।

হুকুম হইয়াছিল যে ১৮৪৬ সালের ২৬ অক্টোবর তারিখে কালেক্টর সাহেবের কাছারীতে ঐ নীলাম হয়। সেই তারিখে ডিক্রীঅনুসারে যে ব্যক্তি কর্জদার সে ব্যক্তি এবং ডিক্রীদার উভয়ই জজ সাহেবের নিকটে উপস্থিত হইল এবং কর্জদার ডিক্রীর টাকা পরিশোধার্থ ৮৮১॥০ টাকা দিতে স্বীকার করিল কিন্তু ডিক্রীদার তাহাতে সম্মত হইল না পরে ডিক্রীদার ১৮৮৯৶১০ টাকা লইতে সম্মত হইলে সেই টাকা তাহাকে দেওয়া গেল। পরে নীলাম রহিত করণের জন্যে কর্জদার দরখাস্ত দাখিল করিল এবং এই প্রার্থনা করিল যে আসল দরখাস্তের উপর জজ সাহেব আপনার হুকুম লিখিয়া অগৌণে তাহা পেয়াদার মারফৎ কালেক্টর সাহেবের নিকটে পাঠান যেহেতুক সেই দিনই নীলামের নিরূপিত দিন। জজ সাহেব তদনুসারে করিলেন এবং পর দিনে দরখাস্তের এক নকল এবং আপনার রুবকারী পাঠাইলেন। ঐ নীলাম অক্টোবর মাসের ২৬ তারিখে না হইয়া ২৭ তারিখে হইল। পেয়াদার মারফৎ যে দরখাস্ত কিম্বা হুকুম ২৬ তারিখে পাঠান গিয়াছিল তাহা কালেক্টর সাহেবের নিকটে পঁহুছিল না এবং ২৭ তারিখে জজ সাহেবের হুকুম পাইবার পূর্ব্বে নীলাম সম্পন্ন হইয়াছিল। কিন্তু খরীদারের রীতিমতে বায়নার টাকা আমানৎ করণের পূর্ব্বে কালেক্টর সাহেবের নিকটে ঐ হুকুম পঁহুছিল পরে ঐ বায়নার টাকা দাখিল হইল এবং খরীদের বাকী টাকাও দাখিল হইল।

নীলামের অন্যথা করিবার জন্যে আপীল হইলে জজ সাহেব তাহা অন্যথা করিলেন এবং জজ সাহেবের ঐ হুকুমের উপর সম্পত্তির খরীদার সদর দেওয়ানী আদালতে আপীল করিল।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত টকর সাহেব হুকুম করিলেন যে " জজ সাহেবের রুবকারীর দ্বারা দৃষ্ট হয় না যে কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত পঁহুছনের বিষয়ে তিনি জুম্মন পেয়াদার এজহার লইলেন অতএব নীলামের পূর্ব্ব দিনে ডিক্রীর টাকা তাঁহার আদালতে দাখিল করা গিয়াছিল কেবল ইহা বিবেচনা করিয়া জজ সাহেব নীলাম অন্যথা করিলেন কিন্তু ইহা মাতবর কারণ নহে। কর্জদার জানিল না যে ঐ নীলাম ২৬ তারিখে না হইয়া ২৭ তারিখে হইবেক বরং তাহার বোধ ছিল যে মহাজনের সঙ্গে যে সময়ে জজ সাহেবের আদালতে বন্দোবস্ত করিতে উদ্যোগ করিতেছিল সেই সময়েতেই নীলাম হইতেছে যদি কর্জদার এই প্রকার বিলম্ব করে এবং দৈব ঘটনাপ্রযুক্ত কর্ম্মের বিফলতা হয় তবে সেই ব্যক্তিই ভুগিবেক। নীলামের দিবসে জজ সাহেবের কাছারীতে গমন করা কর্জদারের কর্ত্তব্য ছিল না যেহেতুক ঐ নীলাম কালেক্টর সাহেবের কাছারীতে হইবেক এমত ইশ্‌তিহার দেওয়া গিয়াছিল এবং কর্জদার মুজ্ঞাত ছিল যে টাকা দাখিল না হইলে কিম্বা নীলাম রহিত করিতে আদালতের হুকুম উপযুক্ত সময়ে না পঁহুছিলে নীলাম নিতান্ত সম্পন্ন হইবেক। এই বিষয়ে খরীদারের কোন ভুল কি ত্রুটি দেখিতে পাই না জজ সাহেবের হুকুম পঁহুছনের পূর্ব্বে তাহার ডাক মঞ্জুর হইল এবং বায়নার টাকা দিয়া নীলাম সম্পন্ন করিতে তাহার নিতান্ত ঠিক ছিল। অতএব জজ সাহেবের হুকুম রদ করিয়া নীলাম মঞ্জুর করিলাম।" তদনুসারে হুকুম হইল।

১৮৪৭ সাল ৫ আপ্রিল।

দেওয়ানী আদালতে কোন ব্যক্তির পক্ষে জুমির

But notwithstanding its resumption and assessment.

Bhoobun Mye Debbea,—Petitioner.

This was an appeal from an order of the Judge of Zillah Mymensingh, dated 4th September, 1845, refusing to grant to Petitioner execution of a decree obtained by her against Raja Gobind Chunder Raee, on the 26th September, 1836.

The Petitioner, Zemindar of Pergunnah Alap Sing, sued the above individual who was the Talookdar of Pergunnah Pookooreea, for possession of 300 kors of land constituting Bund Deor Chur, in Pergunnah Alap Sing, and obtained a decree. On steps being taken for its execution, it was discovered that the land had been resumed under Regulation II. 1819, as forming Boorar Chur pertaining to Pergunnah Pookooreea, and that the Collector was in possession of it. Reference being made by the Zillah Judge to the Special Commissioner, the latter authority, after permitting Petitioner to apply for a review of Judgment, declared that the resumption of the land as Boorar Chur could not affect her rights as proprietor, and there was no bar to the execution of the Civil decree which awarded to her a portion of it under the name of Bund Deor Chur. The Judge nevertheless would not grant execution of the decree, as it had not been given against the Collector the party in possession. Hence the appeal.

By the Court, (present Mr. Tucker.)

"The decree of the 26th September, 1836, must be executed. The Special Commissioner's order of 16th January, 1844, is to the same purport. The Resumption by Government does not touch the proprietary right, but merely extends to subjecting the lands to the payment of Revenue." Order accordingly.

April 13th, 1847.—Government cannot recover a fine under Section 11, Regulation XXVII. 1793, from parties making illegal collections, until they have been successfully prosecuted by those aggrieved.

The Application of Government in such a case should be on a stamp of 8 annas, as for a Miscellaneous Petition.

Government—Petitioner.

This was an appeal from an order of the Judge of Jessore, dated 5th March, 1846, requiring an application by the Collector under Section 11, Regulation XXVII. 1793, for the punishment of persons levying illegal cesses, to be preferred on a full stamp.

Regarding this case Mr. Tucker, who heard the appeal, addressed the following Minute to his Colleagues for their opinion :

"Radha Mohun Chowdry having obtained a "decree against Prawnnath Chowdry, for certain

ডিক্রী হইলে সেই ভূমি বাজেয়াপ্ত হইলেও তাহার উপর কর ধার্য্য হইলেও সেই ডিক্রী জারী হইতে পারে।

ভূবনময়ী দেবী। দরখাস্তকারিণী।

দরখাস্তকারিণী ১৮৩৬ সালের ২৬ সেপ্টেম্বর তারিখে রাজা গোবিন্দচন্দ্র রায়ের বিরুদ্ধে ডিক্রী পাইল। ঐ ডিক্রী জারী করিতে জিলা ময়মনসিংহের জজ সাহেবের নিকটে দরখাস্ত করিল কিন্তু জজ সাহেব ১৮৪৫ সালের ৪ সেপ্টেম্বর তারিখে ডিক্রী জারী করিতে অস্বীকার করিলেন। জজ সাহেবের সেই হুকুমের উপর এই আপীল হইল।

দরখাস্তকারিণী পরগনা আলাপ সিংহের জমীদার। সেই স্ত্রী পরগনা আলাপসিংহের অন্তর্গত বন্দদেওরচরনামক তিন শত কর ভূমির দখল পাইবার জন্যে পরগনা পুকুরিয়ার তালুকদার পূর্ব্বোক্ত রাজার নামে নালিশ করিলে তাহার পক্ষে ডিক্রী হইল। সেই ডিক্রী জারী করিবার উদ্যোগ হইলে দৃষ্ট হইল যে ঐ ভূমি পরগনা পুকুরিয়াসংক্রান্ত বুরার চর হওয়াতে ১৮১৯ সালের ২ আইনানুসারে বাজেয়াপ্ত হইয়া কালেক্টর সাহেবের দখলে আছে। তাহাতে জিলার জজ সাহেব এই বিষয় স্পেসিয়ল কমিস্যনর সাহেবের নিকটে অর্পণ করিলে ঐ কমিস্যনর সাহেব দরখাস্তকারিণীকে পুনর্ব্বিচার করিবার দরখাস্ত করিতে অনুমতি দিয়া কহিলেন যে ঐ ভূমি বুরার চর বলিয়া বাজেয়াপ্ত হওনপ্রযুক্ত তাহাতে দখাস্তকারিণীর মালিকী স্বত্বের কোন ব্যাঘাত হইতে পারে না এবং বন্দদেওর চর নামে ঐ চরের অংশের তাহার পক্ষে যে ডিক্রী হইয়াছিল সেই দেওয়ানী ডিক্রী জারী করিবার কোন বাধা নাই। তথাপি ঐ ভূমি কালেক্টর সাহেবের দখলে আছে এবং ডিক্রী ঐ সাহেবের বিরুদ্ধে হয় নাই ইহা বলিয়া জজ সাহেব ডিক্রী জারী করিতে অস্বীকার করিলেন এবং সেইপ্রযুক্ত এই আপীল হয়।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত টকর সাহেব হুকুম করিলেন যে "১৮৩৬ সালের ২৬ সেপ্টেম্বর তারিখের ডিক্রী জারী করিতে হইবেক। স্পেসিয়ল কমিস্যনর সাহেবের ১৮৪৪ সালের ১৬ জানুআরি তারিখের হুকুমের সেই অভিপ্রায়। সরকারের দ্বারা ভূমি বাজেয়াপ্ত হইলে তাহাতে ভূমির মালিকী স্বত্বের কোন ব্যাঘাত হয় না বাজেয়াপ্তের ফল এইমাত্র যে ভূমি কর দেওনের যোগ্য হয়।" তদনুসারে হুকুম হইল।

১৮৪৭ সাল ১৩ আপ্রিল।

যে লোকেরা বেআইনী টাকা তহসীল করে তাহারদের নামে অন্যায়গ্রস্ত লোকেরা নালিশ করিয়া জয়ী না হইলে সরকার ১৭৯৩ সালের ২৭ আইনের ১১ ধারানুসারে তাহারদের স্থানে জরীমানা উসুল করিতে পারেন না।

এই মত মোকদ্দমায় সরকারের দরখাস্ত মুৎফরক্কা দরখাস্তের ন্যায় ॥০ আনা মূল্যের ইষ্টাম্প কাগজে হইবেক।

সরকার দরখাস্তকারী।

যশোহরের জজ সাহেব ১৮৪৬ সালের ৫ মার্চ তারিখে হুকুম করিলেন যে বেআইনী সায়েরাৎ যাহারা উসুল করে তাহাদের দণ্ডের নিমিত্ত কালেক্টর সাহেব ১৭৯৩ সালের ২৭ আইনের ১১ ধারানুসারে দরখাস্ত করিলে তাহা সম্পূর্ণ মূল্যের ইষ্টাম্পকাগজে লিখিতে হইবেক।

শ্রীযুত টকর সাহেব এই আপীলী মোকদ্দমা শুনিলেন এবং তিনি তদ্বিষয়ে আপন সহকারি জজ সাহেবেরদের মত পাইবার জন্যে নীচের লিখিত লিপি তাঁহারদের নিকটে পাঠাইলেন।

"প্রাণনাথ চৌধুরীর বিরুদ্ধে রাধামোহন চৌধুরী "কতক ভূমির মায় ওয়াসিলাতের ডিক্রী পাইলে তাহা-

"lands with wasilaut, an Ameen was deputed to put him in possession and to ascertain the amount wasilaut."

"When the Ameen's accounts came to be examined, it appeared that the sum of Rupees 6,408 had been realized by Prawnnath Chowdry, contrary to the Provisions of Section 11, Regulation XXVII. 1793, and the Judge refused to allow the item to be entered in the account wasilaut payable to the decree-holder. This decision of the Zillah Judge was affirmed in appeal by the Sudder Dewanny Adawlut."*

"The Judge then gave information to the Collector of the District, that he might adopt such measures as he deemed proper for prosecuting Prawnnath Chowdry, on the part of Government. Accordingly the Collector filed through the Government Pleader a Petition on an eight anna Stamp paper, setting forth the circumstances above stated, and requesting that the Court would, on reference to the fact as exhibited in the proceedings held on the execution of the decree, summon the party, and after enquiry fix the amount fine to be paid to Government."

"The Judge non-suited the Collector, because instead of valuing the suit under Article No. 8, Schedule B, Regulation X. 1829, he had engrossed it on a paper of only eight annas value."

"A Summary appeal was then presented to this Court, and the Judge was called upon to explain the grounds on which he had acted in non-suiting the Plaintiff."

"He replied, that as the Plaintiff averred an illegal Collection to the extent of Rupees 6,408, he would have to establish that point before he could be entitled to any fine, and therefore the Stamp used should have been of value sufficient to cover that amount."

"The opinion of the Court is requested on the following points arising out of this case."

1st. "Can the Government come in under Section 11, Regulation XXVII. 1793, and move the Court to impose a fine on the offender, when no prosecution has been instituted by the persons aggrieved?"

2dly. "If Government can do so, on what valuation is the suit to be instituted?"

"My own opinion is, on the first question, that Government cannot so come into Court. The law is a highly penal law and must be strictly construed. The Government have no object in suing for the fine distinct from the protection the law affords to the subject from exaction, and the aggrieved party is left to bring forward his own complaint, and it is not until such complaint so preferred has been proved, that Government is entitled to the fine, which the Court may think

---

* See the case of Radha Mohun Ghose Chowdry, petitioner, decided 10th February, 1846, Reports of Summary Cases, Vol. I. Part II. Page 75.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ৬ জুলাই।]

"কে সেই ভুমির দখল দিতে এবং ওয়াসিলাতের টাকা নির্ণয় করিতে এক জন আমীনকে পাঠান গেল।

"যখন আমীনের হিসাবের তজবীজ হইল তখন দৃষ্ট হইল যে প্রাণনাথ চৌধুরী ১৭৯৩ সালের ২৭ আইনের ১১ ধারার বিধানের বিপরীত ৬৪০৮৲ টাকা আদায় করিয়াছে এবং জজ সাহেব ডিক্রীদারের পাওনা ওয়াসিলাতের হিসাবের মধ্যে সেই টাকা লিখিবার অনুমতি দিতে অস্বীকার করিলেন। জিলার জজ সাহেবের এই নিষ্পত্তির উপর আপীল হইলে সদর দেওয়ানী আদালতের জজ সাহেবেরা তাহা মঞ্জুর করিলেন।"*

"পরে জজ সাহেব জিলার কালেকটর সাহেবকে এই বিষয়ের সম্বাদ এতদর্থে দিলেন যে তিনি সরকারের তরফে প্রাণনাথ চৌধুরীর নামে নালিশ করিতে যেং উদ্যোগ উপযুক্ত বোধ করেন তাহাই করেন তাহাতে কালেক্টর সাহেব সরকারী উকীলের দ্বারা ৷৷০ আনা মুল্যের ইষ্টাম্প কাগজে দরখাস্ত দাখিল করিলেন সেই দরখাস্তে উপরের উক্ত বিষয় লিখিয়া এই প্রার্থনা করিলেন যে ডিক্রী জারীর সময়ে যে রুবকারী হয় তাহাতে লিখিত বৃত্তান্ত দৃষ্টি করিয়া জজ সাহেব প্রাণনাথ চৌধুরীকে তলব করিয়া বিচারপূর্ব্বক সরকারে যে জরীমানা দিতে হয় তাহা নির্দ্ধার্য্য করেন।"

"জজ সাহেব ইহা বলিয়া কালেক্টর সাহেবকে ননসুট করিলেন যে তিনি ১৮২৯ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ৮ দফাঅনুসারে মোকদ্দমার মুল্য না ধরিয়া কেবল ৷৷০ আনা মুল্যের কাগজে দরখাস্ত দাখিল করিয়াছিলেন।"

"তাহাতে এই আদালতে সরাসরী আপীল হইল এবং জজ সাহেব যে কারণে ফরিয়াদীকে ননসুট করিলেন তাহা জানাইতে তাঁহার প্রতি হুকুম হইল।"

"তিনি উত্তর করিলেন যে ফরিয়াদী ৬৪০৮৲ টাকা পর্য্যন্ত বেআইনী টাকা উসুল হইবার বিষয়ে দরখাস্ত লেখেন অতএব কোন জরীমানা পাইবার পূর্ব্বে সেই বিষয় তাঁহার সাব্যস্ত করিতে হইবেক এইপ্রযুক্ত তত টাকার নালিশে যে মুল্যের ইষ্টাম্প কাগজের আবশ্যক সেই মুল্যের ইষ্টাম্প কাগজে দরখাস্ত লেখা তাঁহার উচিত ছিল।"

"এই মোকদ্দমাসম্পর্কীয় নীচের লিখিত কএক বিষয়ে জজ সাহেবেরদের মতের প্রার্থনা হইতেছে।"

প্রথম। "অন্যায়গ্রস্ত ব্যক্তিরা নালিশ না করিলে সরকার ১৭৯৩ সালের ২৭ আইনের ১১ ধারানুসারে নালিশ করিয়া অপরাধির জরীমানা করিতে আদালতে দরখাস্ত দিতে পারেন কি না।"

দ্বিতীয়। "যদি সরকার তাহা করিতে পারেন তবে মোকদ্দমার কি মুল্য ধরিতে হইবেক।"

"প্রথম বিষয়ে আমার মত এই যে সরকার সেই প্রকারে নালিশ করিতে পারেন না। উক্ত আইন ভারি দণ্ডবিশিষ্ট আইন এবং অতি আঁটাআঁটি করিয়া তাহার অর্থ করিতে হয়। জরীমানার বিষয়ে নালিশ করণেতে সরকারের এইমাত্র অভিপ্রায় যে প্রজারদিগকে বেআইনী টাকার দাওয়াহইতে আইন যে রক্ষা করিতেছেন তাহা সম্পন্ন হয় এবং তদ্বিষয়ে ক্ষতিগ্রস্ত ব্যক্তির আপনার জন্যে নালিশ করিতে হয় এবং যাবৎ ঐ ব্যক্তির নালিশ সাব্যস্ত না হয় তাবৎ ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে আদালত যে টাকা ফিরিয়া দিতে এবং ক্ষতিপূরণের

---

* সরাসরী মোকদ্দমার রিপোর্টের ২ বালমের ১ খণ্ডের ৭৫ পৃষ্ঠায় রাধামোহন ঘোষ চৌধুরী দরখাস্তকারির যে মোকদ্দমা ১৮৪৬ সালের ১০ ফেব্রুআরি তারিখে নিষ্পত্তি হইল তাহা দেখ।

"fit to award over and above the refund with damages to the party aggrieved. On the second question my opinion is, that it being conceded that "Government can come into Court, under the circumstances, a Miscellaneous petition is sufficient."

"In the first place, the proceedings are of a "Summary nature, the Judge being enjoined to "dispose of the case in ten days, or as soon as the "evidence to prove the charge can be collected. "Secondly, Government are not concerned in the "amount illegally collected and the fine is in the "discretion of the Court, so that it is impossible "for the Government to know before-hand what "amount of fine will be awarded. To require a "stamp sufficient to cover the amount alleged to "have been exacted, is opposed to the ordinary principle that in cases not otherwise provided for, a "man should lay his suit at the amount at which "he values his interest in the subject of action. "But in these cases Government have no interest "in the subject of action, viz. the amount exacted, "whilst the fine does not depend on the amount "exacted, but on the circumstances in life of the "offender."

The Court, Messrs. Rattray and Reid, having concurred with Mr. Tucker, the Zillah Judge was directed to restore the case to the file and dispose of it with reference to the opinion expressed, that Government could not apply for the imposition of the penalty, until the aggrieved parties had prosecuted on their own account and proved the exaction of illegal cesses.

April 26th, 1847.—A Civil Court cannot stay execution of an award under Act IV. 1840, pending the decision of a suit instituted to reverse it.

Musstt. Sermut Oonissa and others—Petitioners.

This was an appeal from an order of the Judge of Zillah Backergunge, dated 12th December, 1846, reversing that of the Principal Sudder Ameen, dated the 4th idem, directing the Magistrate to stop the execution of his award under Act IV. of 1840, pending the decision of an action to contest it, instituted in the Civil Court.

The Petitioners and Kunhaiee Lall Thakoor disputed about the possession of five Kanees of land. The Magistrate decided in favor of the latter under Act IV. 1840; on appeal his order was upheld by the Session Judge. The petitioners then sued in the Court of the Principal Sudder Ameen for its reversal and applied for an injunction, which the Principal Sudder Ameen issued to the Magistrate, to stop execution of his award till the suit in the Civil Court was determined. Dissatisfied with

"যে টাকা দিতে হুকুম করেন তদতিরিক্ত যে জরীমানা "উচিত বোধ করেন সেই জরীমানা সরকার পাইতে "পারেন না। দ্বিতীয় বিষয়ে আমার মত এই যে "সকল বিষয় বুঝিয়া যদি সরকার আদালতে নালিশ "করিতে পারেন তবে মুৎফরক্কা দরখাস্ত দিলে প্রচুর "হইবেক।"

"প্রথমতঃ। এই প্রকার মোকদ্দমার কার্য্য সরাসরী যে- "হেতুক জজ সাহেবের প্রতি হুকুম আছে যে দশ দিনের "মধ্যে কিম্বা নালিশ সাব্যস্ত করিবার জন্যে সাক্ষ্য যত "শীঘ্র পাওয়া যাইতে পারে তত শীঘ্র মোকদ্দমার নিষ্পত্তি "করেন। দ্বিতীয়তঃ। আইন বিরুদ্ধ যে টাকা আদায় হয় "তাহাতে সরকারের কোন সম্পর্ক নাই এবং আদালত "আপনার বিবেচনামতে জরীমানা করিবেন বা না করি- "বেন অতএব কিপর্য্যন্ত জরীমানার হুকুম হইবেক তাহা "সরকার পূর্ব্বে জানিতে পারেন না। যত টাকা অন্যায়- "রূপে তহসীল হইয়াছে কথিত হয় তাহার উপযুক্ত "ইষ্টাম্প কাগজে নালিশের দরখাস্ত করিতে যদি হুকুম "হয় তবে তাহা এই সাধারণ নিয়মের বিপরীত হয় যে যে "গতিকে কোন বিশেষ বিধি নাই এইমত গতিকে যে বিষয় "লইয়া মোকদ্দমা হয় তাহাতে ফরিয়াদী আপন সম্পর্ক- "তার যে মূল্য ধরে সেই মূল্যানুসারে নালিশ করিতে "হইবেক। কিন্তু এই প্রকার মোকদ্দমাতে যে বিষয় "লইয়া মোকদ্দমা হয় অর্থাৎ অন্যায়রূপে তহসীলহওয়া "টাকা তাহাতে সরকারের কোন সম্পর্ক নাই। পুনশ্চ "যে জরীমানা হয় তাহা অন্যায়রূপে তহসীলহওয়া টাকা "বুঝিয়া হয় না কিন্তু অপরাধির সংস্থান বুঝিয়া হয়।"

সদর আদালতের জজ শ্রীযুত রেটরি সাহেব ও শ্রীযুত রীড সাহেব শ্রীযুত টকর সাহেবের মতে ঐক্য হইলেন এবং জিলার জজ সাহেবের প্রতি হুকুম হইল যে তিনি ঐ মোকদ্দমা পুনরায় নথীর শামিল করিয়া উপরের লিখিত মতে দৃষ্টি রাখিয়া মোকদ্দমা নিষ্পত্তি করেন অর্থাৎ অন্যায়গ্রস্ত ব্যক্তিরা যদি আপনারদের নিমিত্ত নালিশ না করে এবং বেআইনী টাকা তহসীল করণের প্রমাণ না দেয় তবে সরকার জরীমানার টাকার বিষয়ে দরখাস্ত করিতে পারেন না।

১৮৪৭ সাল ২৬ আপ্রিল।

১৮৪০ সালের ৪ আইনানুসারে যে হুকুম হয় তাহা অন্যথা করণার্থ মোকদ্দমা যাবৎ উপস্থিত থাকে তাবৎ দেওয়ানী আদালত ঐ হুকুম জারী স্থগিত করিতে পারেন না।

মসম্মাৎ শ্রীমৎউন্নিসা ওগয়রহ। দরখাস্তকারী।

জিলা বাকরগঞ্জের প্রধান সদর আমীন ১৮৪৬ সালের ৪ ডিসেম্বর তারিখে মাজিষ্ট্রেট সাহেবকে হুকুম করিলেন যে ১৮৪০ সালের ৪ আইনানুসারে মাজিষ্ট্রেট সাহেব যে হুকুম করিলেন তাহা অন্যথা করণার্থ দেওয়ানী আদালতে যে মোকদ্দমা উপস্থিত হইয়াছে তাহার নিষ্পত্তি না হওয়াপর্য্যন্ত সেই হুকুম জারী স্থগিত করেন। প্রধান সদর আমীনের সেই হুকুম ঐ জিলার জজ সাহেব ঐ মাসের ১২ তারিখে অন্যথা করেন। জজ সাহেবের সেই হুকুমের উপর এই আপীল হয়।

পাঁচ কানি ভূমির দখলের বিষয়ে কানাইলাল ঠাকুরের সঙ্গে দরখাস্তকারিরদের বিবাদ হইয়াছিল। মাজিষ্ট্রেট সাহেব ১৮৪০ সালের ৪ আইনানুসারে কানাইলাল ঠাকুরের পক্ষে তাহার বিষয়ের হুকুম করিলেন তাঁহার হুকুমের উপর আপীল হইলে সেশন জজ সাহেব তাহা বহাল রাখিলেন। পরে ঐ হুকুম অন্যথা হইবার জন্যে দরখাস্তকারিরা প্রধান সদর আমীনের আদালতে নালিশ করিয়া প্রার্থনা করিল যে প্রধান সদর আমীন মাজিষ্ট্রেট সাহেবের প্রতি এইমত হুকুম দেন যে দেওয়ানী আদালতে সেই মোকদ্দমার নিষ্পত্তি না হওয়াপর্য্যন্ত আপনার হুকুম জারী না করেন এবং প্রধান সদর আমীন ১৮৪৬ সালের ৪

this order, which was dated the 4th December, 1846, Kanhaiee Lall Thakoor appealed to the Judge, who on the 12th idem, reversed it as contrary to the provisions of Act IV. 1840. The petitioners then appealed to the Sudder Dewanny Adawlut.

By the Court (present Messrs. Tucker and Hawkins.)

"Act IV. 1840 clearly declares that the party put in possession by the Magistrate is to be maintained in possession until the rights of the parties disputing be determined by a competent Court. The Principal Sudder Ameen was therefore not authorized to issue an order to suspend possession being given. The order of the Judge in reversal of that of the Principal Sudder Ameen is quite correct." Petition rejected.

May 11th, 1847.—A conviction under Section 27, Act XXIX. 1838, is appealable to the Sudder Dewanny Adawlut only on special grounds as prescribed by Section 32, of the Act.

A conviction under the first named Section, is not vitiated by the omission to hold the local investigation prescribed by Section 99, Regulation X. 1819.

Bishennath Biswas, and others—Petitioners.

This was an application for a review of an order passed by Mr. Reid, late Judge of the Court, on the 27th May, 1845.

The petitioners had been convicted by the Judge of 24-Pergunnahs, under the provisions of Section 27, Act XXIX. of 1838, of not giving information of illicit salt works upon their estate, and fined to the extent of 12,000 Rupees, the number of Khalarees having been ascertained to have been twenty-four. From this order they appealed to the Sudder Dewanny Adawlut, but the Court, present Mr. Reid, rejected the appeal, as no special ground for its admission had been shewn, as required by Section 32, Act XXIX. 1838.

The petitioners then appealed for a review of the order of this Court, on (among other reasons,) the ground that the investigation prescribed by Section 99, Regulation X. 1819, had not been made. Mr. Reid called upon the Judge to ascertain and report whether the enquiry had been made or not.

The return shewed that the investigation had been made as far as practicable, and that the only reason why every part of it, had not been carried out to the letter was the absconding of the ryots, which prevented the prescribed attestation of the report of the enquiry.

By the Court, (Mr. Tucker, Sir R. Barlow and Mr. Hawkins.)

"Section 99, Regulation X. 1819, prescribes a local enquiry in certain cases, and states that if any thing shall appear in the course of such to implicate the land-holder, he may be proceeded against. But the admission to hold such enquiry does not vitiate a conviction under Section

ডিসেম্বর তারিখে সেইরূপ হুকুম করিলেন ঐ হুকুমেতে কানাইলাল ঠাকুর অসম্মত হইয়া জজ সাহেবের নিকটে আপীল করিল তাহাতে ঐ হুকুম ১৮৪০ সালের ৪ আইনের বিধানের বিপরীত বলিয়া জজ সাহেব তাহা ঐ মাসের ১২ তারিখে অন্যথা করিলেন পরে দরখাস্তকারিরা সদর দেওয়ানী আদালতে আপীল করে।

সদর আদালতের জজ শ্রীযুত টকর সাহেব ও শ্রীযুত হকিন্স সাহেব হুকুম করিলেন যে

১৮৪০ সালের ৪ আইনে স্পষ্টরূপে লেখা আছে যে বিবাদিরদের স্বত্ত্ব যেপর্য্যন্ত উপযুক্ত ক্ষমতাবিশিষ্ট আদালতে নিশ্চয় করা না যায় সেইপর্য্যন্ত মাজিষ্ট্রেট সাহেব যাহাকে দখল দেওয়ান্ সেই ব্যক্তির দখলে সেই বিষয় থাকিবেক অতএব তাঁহাকে দখল দেওয়া স্থগিত করিতে প্রধান সদর আমীনের হুকুম দিবার ক্ষমতা নাই। এবং জজ সাহেবের যে হুকুমক্রমে প্রধান সদর আমীনের হুকুম অন্যথা হয় তাহা যথার্থ। দরখাস্ত অগ্রাহ্য হইল।

১৮৪৭ সাল ১১ মে।

১৮৩৮ সালের ২৯ আইনের ২৭ ধারানুসারে যে দোষ সাব্যস্ত হয় তাহার বিষয়ে ঐ আইনের ৩২ ধারার নির্দ্দিষ্টমতে বিশেষ হেতু না থাকিলে সদর দেওয়ানী আদালতে আপীল হইতে পারে না।

১৮১৯ সালের ১০ আইনের ৯৯ ধারাতে যে সরেজমীনে তজবীজ করিবার হুকুম আছে তাহা না হইলেও ১৮৩৮ সালের ২৯ আইনের ২৭ ধারানুসারে যে দোষ সাব্যস্ত হয় তাহা অন্যথা হইতে পারে না।

বিশ্বনাথ বিশ্বাসওগয়রহ। দরখাস্তকারী।

এই আদালতের সাবেক জজ শ্রীযুত রীড সাহেব ১৮৪৫ সালের ২৭ মে তারিখে যে হুকুম করেন তাহার পুনর্ব্বিচার করিতে এই দরখাস্ত হইল।

জিলা চব্বিশপরগনার জজ সাহেব ১৮৩৮ সালের ২৯ আইনের ২৭ ধারার বিধানমতে দরখাস্তকারিরদের মহালে বিনাঅনুমতির লবণের খালাড়ীর বিষয়ি সম্বাদ না দেওনের বিষয়ে তাহারদিগকে দোষী করিলেন এবং তাহারদের ১২,০০০৲ টাকা জরীমানা করিলেন যেহেতুক দেখা গেল যে বিনাঅনুমতির ২৪ খান খালাড়ী ছিল। এই হুকুমের উপর তাহারা সদর দেওয়ানী আদালতে আপীল করিল কিন্তু ১৮৩৮ সালের ২৯ আইনের ৩২ ধারার নির্দ্দিষ্টমতে ঐ আপীল গ্রাহ্য করণের বিশেষ হেতু দর্শান যায় নাই বলিয়া সদর আদালতের জজ শ্রীযুত রীড সাহেব ঐ আপীল অগ্রাহ্য করিলেন।

তৎপরে দরখাস্তকারিরা নানা কারণে এই আদালতের হুকুমের পুনর্ব্বিচার হওনের বিষয়ে আপীল করিল তাহার মধ্যে বিশেষ কারণ এই যে ১৮১৯ সালের ১০ আইনের ৯৯ ধারায় যে তজবীজ করণের হুকুম আছে তাহা হয় নাই তাহাতে শ্রীযুত রীড সাহেব ঐ তজবীজ হইয়াছিল কি না এই বিষয় নিশ্চয় করিয়া রিপোর্ট করিতে জজ সাহেবের প্রতি হুকুম দিলেন।

রিপোর্টের দ্বারা দৃষ্ট হইল যে ঐ তজবীজ সাধ্যপর্য্যন্ত হইয়াছিল এবং অবিকল সম্পূর্ণরূপে না হওনের কারণ এইমাত্র যে রাইয়তেরা পলায়ন করিল তাহাতে ঐ তজবীজের রিপোর্টে নির্দ্দিষ্টমতে সাক্ষিরদের দস্তখৎ হইতে পারিল না।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত টকর সাহেব ও শ্রীযুত সর আর বার্লো সাহেব ও শ্রীযুত হকিন্স সাহেব হুকুম করিলেন যে

১৮১৯ সালের ১০ আইনের ৯৯ ধারাতে হুকুম আছে যে কোন২ গতিকে সরেজমীনে তজবীজ করিতে হইবেক এবং ঐ তজবীজহওনের সময়ে যাহাতে ভূম্যধিকারির প্রতি দোষ পড়ে এমত কোন বিষয় দৃষ্ট হইলে তাহার নামে নালিশ হইতে পারে কিন্তু ঐ সরেজমীনে তজবীজ না হইলেও ১৮৩৮ সালের ২৯ আইনের ২৭ ধারার

27, Act XXIX. 1838, which is altogether independent of the provisions of Section 99, Regulation X. 1819. The petition for review is therefore rejected."

দোষ সাব্যস্তের কিছু ব্যাঘাত হয় না যেহেতুক ঐ ধারার ১৮১৯ সালের ১০ আইনের ৯৯ ধারার বিধানের সঙ্গে কোন সম্পর্ক নাই। তাহাতে পুনর্ব্বিচারের দরখাস্ত না-মঞ্জুর হইল।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT.

No. 18.

To the Civil and Criminal Authorities in the Lower Provinces.

Rajah Sutt Churn Ghosal Bahadoor having brought to the notice of the Government the omission on the part of its Officers, of the titles conferred on his late father, to which he has succeeded, I am directed by the Court in pursuance of the orders of the Government, (dated the 2nd instant,) to request that the style of address to which the Rajah is entitled, be observed by the several authorities in their future communications with him.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 9th June, 1847.

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

১৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানী ও ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

শ্রীযুত রাজা সত্যচরণ ঘোষাল বাহাদুর গবর্ণমেণ্টকে জানাইয়াছেন যে তাঁহার ৺ প্রাপ্ত পিতাকে দত্ত যে খ্যাতির উত্তরাধিকারী তিনি হইয়াছেন তাহা সরকারের কর্ম্মকারকেরা লেখেন না অতএব বর্ত্তমান মাসের ২ তারিখের গবর্ণমেণ্টের হুকুমানুসারে সদর আদালতের সাহেবেরা হুকুম করিতেছেন যে রাজা বাহাদুরের যে খ্যাতি আছে সরকারী নানা কর্ম্মকারক লিখনপঠন সময়ে তাহা লেখেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ৯ জুন।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 25th June, 1847.

Baboo Juggudanund Mookerjee, (who has obtained a Diploma,) to be Moonsiff of Rughoonathpore, in Manbhoom, vice Baboo Taruknath Sein promoted.

The 30th June, 1847.

Baboo Woomes Chunder Mookerjee, Moonsiff of Putneetullah, Zillah Dinagepore, to be Moonsiff of Aunundpore, Zillah Midnapore.

Roushun Ally, to be Moonsiff of Putneetullah, Zillah Dinagepore.

LEAVE OF ABSENCE.

The 25th June, 1847.

Ally Neaz, Moonsiff of Bhutteearee, Zillah Chittagong, for seven days from the 15th instant.

B. J. COLVIN, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ২৫ জুন।

শ্রীযুত বাবু তারকনাথ সেন উচ্চ পদ প্রাপ্ত হওয়াতে যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু জগদানন্দ মুখুয্যা মানভূমে রঘুনাথপুরের মুনসেফ হইবেন।

১৮৪৭ সাল ৩০ জুন।

জিলা দিনাজপুরের পত্নীতলার মুনসেফ শ্রীযুত বাবু উমেশচন্দ্র মুখুয্যা জিলা মেদিনীপুরে আনন্দপুরের মুনসেফ হইবেন।

শ্রীযুত রোশন আলী জিলা দিনাজপুরের পত্নীতলার মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৭ সাল ২৫ জুন।

জিলা চাটিগাঁর ভটিয়ারীর মুনসেফ শ্রীযুত আলী নিয়াজ বর্ত্তমান মাসের ১৫ তারিখঅবধি সাত দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৩৭২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ৯ জুন।

শ্রীযুত বাবু ধরণীধর রায় ময়মুনসিংহের আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং ১৮৪০ সালের ২৫ আইনের ৩ ধারার নির্দ্দিষ্ট মোকদ্দমার বিচারকরণের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৪৭ সাল ২১ জুন।

শ্রীযুত এফ জে কোবর্ণ সাহেব (Mr. F. J. Cockburn,) পাটনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

[*Government Gazette,* 6th *July,* 1847.]

শ্রীযুত ডাক্তর করবেট সাহেব (Dr. Corbett,) ও শ্রীযুত কিং সাহেবের (Mr. King,) পরিবর্ত্তে শ্রীযুত ডবলিউ এম বোফর্ট সাহেব (Mr. W. M. Beaufort,) ও শ্রীযুত ই এচ এনসন সাহেব (Mr. E. H. Anson,) পাটনাতে শুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত কাপ্তান ই আর লৈয়ন্স সাহেবের (Captain E. R. Lyons,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত ব্রিবেট কাপ্তান জি বরনর সাহেব (Brevet Captain G. Verner,) কাছাড়ের সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৭ সাল ৯ জুন।

ময়মুনসিংহের আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি পি ওয়াইট সাহেব (Mr. C. P. White,) দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ১৬ জুন।

ছিলটের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত ই জে সি রিচার্ডসন সাহেব (Mr. E. J. C. Richardson,) ঐ জিলার কালেক্টর সাহেবের প্রতি আপন কর্ম্মের ভার অর্পণ করিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

নওগাঁর চিকিৎসকতা কর্ম্মের ভারপ্রাপ্ত ঔষধপ্রস্তুতকারি শ্রীযুত জে এফ পিনগল্ট সাহেব (Mr. Apothecary J. F. Pingault,) পাঁচ মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত ঔষধপ্রস্তুতকারি শ্রীযুত সিমন্স সাহেব (Mr. Apothecary Simons,) তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ভাগলপুরের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন মুখুয্যা দুই মাসের ছুটী পাইয়াছেন।

রাজশাহীর. ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী নসরুদ্দীন হয়দর বর্ত্তমান মাসের ২ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত বিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ২১ জুন।

কাছাড়ের সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত কাপ্তান ই আর লৈয়ন্স সাহেব (Captain E. R. Lyons,) যে তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত মাকিলপ সাহেবের (Mr. Mackillop,) প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ২৩ জুন।

ছিলটের কালেক্টর শ্রীযুত এ এস আনাণ্ড সাহেব (Mr. A. S. Annand,) বর্ত্তমান মাসের ৪ তারিখে ঐ জিলার মাজিষ্ট্রেটী কর্ম্মের ভার গ্রহণ করেন্।

কটকের সিবিল ও সেশন জজ শ্রীযুত ই ডিড্স সাহেব (Mr. E. Deedes,) বর্ত্তমান মাসের ১৪ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

১৩৮৮ নম্বর।

নিয়োগ।

১৮৪৭ সাল ২৩ জুন।

শ্রীযুত এচ এফ জেম্স সাহেব (Mr. H. F. James,) গত মে মাসের ২৪ তারিখঅবধি যশোহরের সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত সি এস বেল্লাই সাহেব (Mr. C. S. Belli,) ও শ্রীযুত সি ডেবরিন সাহেব (Mr. C. Deverinne,) ও শ্রীযুত এম ষ্টডার্ট সাহেব (Mr. M. Stoddart,) যশোহরে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

নওগাঁর গোলাঘাটে আসামের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টান্ট শ্রীযুত জে ডবলিউ মাষ্টর্স সাহেব (Mr. J. W. Masters,) ও লক্ষীপুরে ঐ ঐ শ্রীযুত এচ ড্রৈবর সাহেব (Mr. H. Driver,) আসামে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতানুসারে কার্য্য করিবেন এবং দেওয়ানী মোকদ্দমার বিচার করণার্থ বিধির ক্রোড়পত্রের ৩ প্রকরণের নির্দ্দিষ্ট দেওয়ানী ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৪৭ সাল ২৩ জুন।

ফোর্ট উলিয়ম কালেজের ছাত্র শ্রীযুত জি এচ রিকেট্স সাহেব (Mr. G. H. Ricketts,) গত আপ্রিল মাসের ১৯ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

সেন্টজেম্স নামক ভজনালয়ের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি আর বি বসওএল সাহেব (Revd. R. B. Boswell,) স্বীয় স্বাস্থ্যার্থে কেপে গমনার্থ দুই বৎসরের ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ৬ জুলাই।]

চব্বিশপরগনার অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী ময়নুদ্দীন সফদর খাঁ চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ মহামিদকে ঐ জিলার জজ সাহেব যে দশ দিনের ছুটী দেন তাহা মঞ্জুর হইল।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

১৪১৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১৬ জুন।

শ্রীযুত বাবু জনার্দ্দন বসু পূরণিয়ার ডেপুটী কালেক্টর হইবেন।

১৮৪৭ সাল ২৩ জুন।

শ্রীযুত এচ হো সাহেব (Mr. H. Howe,) কলিকাতার মাষ্টর এটেণ্ডেন্ট সাহেবের দ্বিতীয় আসিষ্টান্ট হইবেন।

১৮৪৭ সাল ২৮ জুন।

শ্রীযুত লেপ্টেনেন্ট আর বি টেলর সাহেব (Lieut. R. B. Taylor,) গত মার্চ মাসের ১৬ তারিখঅবধি দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের এজেন্ট সাহেবের ছোট আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত মৌলবী জহুরালী শাহাবাদের ফতওয়াদায়ক হইবেন।

১৮৪৭ সাল ৩০ জুন।

কটকের সিবিল ও সেশন জজ শ্রীযুত ই ডিড্স সাহেব (Mr. E. Deedes,) কটক এলাকাতে ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনরও হইবেন।

ছুটী।

১৮৪৭ সাল ৩০ জুন।

ত্রিপুরার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নবচন্দ্র চাটুয্যা এক মাসের ছুটী পাইয়াছেন।

কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেন্ট শ্রীযুত এম এস গিলমোর সাহেব (Mr. M. S. Gilmore,) বর্ত্তমান মাসের ৯ তারিখে যে এক মাসের ছুটী পান্ তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ৩০ জুন।

গোআলপাড়াতে আসামের কমিস্যনর সাহেবের একটিং প্রধান আসিষ্টান্ট শ্রীযুত লেপ্টেনেন্ট সি এস রেনাল্ডস সাহেব (Lieut. C. S. Reynolds,) গত মাসের ২১ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন।

পাবনার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ আথর্টন সাহেব (Mr. H. Atherton,) গত মাসের ২৩ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT. নিমক।

NOTIFICATION.

In modification of the rules for bonding Salt, promulgated on the 28th September, 1841, under the authority of the Board of Customs, Salt and Opium, it is hereby notified, that parties, desirous of bonding imported Salt in private Warehouses, may apply to the Collector of Customs for a license in the Form C. appended to Act No. XXV. of 1836.

If the Board are satisfied, on the Collector's report, that the Warehouses mentioned in the application are well adapted for the secure custody of the Salt, a license will be granted under Section XIX. of the above mentioned Act, and Salt may then be bonded therein under the restrictions provided by the Act in respect of any other Article of Merchandize bonded in a private Warehouse.

A portion of the Government Golahs at Sulkea, will be set apart from the 15th Proximo, as a public Warehouse for the reception of Salt on the same terms at a fixed rent, and will continue to be available for that purpose until required by Government.

The rate of wastage allowed upon Salt, so warehoused, will be at the rate of four per cent. per annum, upon the quantity weighed over the ship's side, but the import duty will be settled on the quantity so delivered, according to the provisions of Section XVIII. Act XXV. of 1836.

Warehouses, licensed for the reception of Salt under bond, will not be available for goods of any other description.

All expenses attending the receipt, storage, custody and delivery of Salt at Warehouses licensed as above, or in the Sulkea Golahs, will be borne by the parties availing themselves of the privilege.

Parties who are unable to provide Warehouses so constructed and situated as, in the opinion of the Board, effectually to provide for the secure custody of Salt while under bond, will be allowed, as before, to warehouse their Salt under the Rules of the 28th September, 1841, which otherwise remain in full force, except in so far as they are modified by this Notification.

By order of the Board of Customs, Salt and Opium, the 30th June, 1847.

(Signed) C. BEADON, *Offg. Secretary.*

বিজ্ঞাপন।

হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের হুকুমক্রমে ১৮৪১ সালের ২৮ সেপ্টেম্বর তারিখে একরারনামা-অনুসারে লবণ রাখণের যে বিধি প্রকাশ হইয়াছিল তাহা মতান্তর হইল এবং ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে যে ব্যক্তিরা সামান্য গুদামে আমদানীহওয়া লবণ একরার করিয়া রাখিতে চাহেন তাঁহারা ১৮৩৬ সালের ২৫ আইনের নীচের লিখিত C চিহ্নিত পাঠানুসারে অনুমতিপত্র পাইবার জন্যে হাসিলের কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত করিতে পারেন।

কালেক্টর সাহেবের রিপোর্টের দ্বারা যদি বোর্ডের সাহেবেরদের এমত হৃদ্বোধ হয় যে ঐ দরখাস্তের নির্দ্দিষ্ট গুদাম লবণ নির্ব্বিঘ্নে থাকিবার উপযুক্ত তবে উপরের উক্ত আইনের ১৯ ধারানুসারে তাঁহারা অনুমতিপত্র দিবেন এবং সামান্য গুদামে অন্য যে কোন বাণিজ্য দ্রব্য একরার মতে রাখা যায় তাহার বিষয়ে উক্ত আইনেতে যে নিয়ম ও নিষেধ আছে তদনুসারে লবণ একরারমতে সেই গুদামে রাখা যাইতে পারে।

আগামি মাসের ১৫ তারিখঅবধি শালিখার সরকারী গোলার এক ভাগ সেই নিয়মমতে নির্দ্দিষ্ট ভাড়া দিয়া লবণ রাখিবার জন্যে সরকারী গোলার ন্যায় ধার্য্য হইবেক এবং তাহাতে সরকারের যাবৎ প্রয়োজন না হয় তাবৎ সাধারণ লোকেরদের লবণ রাখিবার জন্যে ব্যবহার হইতে পারিবেক।

এইমতে গোলাজাত যত লবণ জাহাজহইতে ওজন করিয়া উবরা করা যায় তাহার পরিমাণানুসারে বৎসরে শতকরা ৪৲ টাকার হারে কমী ধরা যাইবেক কিন্তু এইমতে যত লবণ দাখিল হয় তাহার উপর আমদানীর মাসুল ১৮৩৬ সালের ২৫ আইনের ১৮ ধারার নির্দ্দিষ্ট বিধিমতে ধরা যাইবেক।

একরারক্রমে যে গুদামে লবণ রাখিবার অনুমতি হয় সেই গুদামে অন্য কোন প্রকার দ্রব্য রাখা যাইতে পারিবেক না।

উক্ত প্রকারে অনুমতিহওয়া গুদামে কিম্বা শালিখার গোলাতে লবণের আমদানী করণ ও গুদামজাত করণ ও রক্ষা করণ ও রপ্তানী করণে যত খরচ হয় তাহা যে ব্যক্তি ঐ গোলাতে লবণ রাখেন সেই ব্যক্তির দিতে হইবেক।

যে গুদাম এমত নির্ম্মিত হয় এবং এমত স্থানে থাকে যে বোর্ডের বিবেচনায় একরারী অবস্থার লবণ সেখানে নির্ব্বিঘ্নে থাকিতে পারে এমত গুদাম যাঁহারা পাইতে পারেন্ না তাঁহারা ১৮৪১ সালের ২৮ সেপ্টেম্বর তারিখের বিধিমতে লবণ গোলাজাত করিতে পূর্ব্বের ন্যায় অনুমতি পাইবেন। এবং ঐ বিধির যেং বিষয় এই বিজ্ঞাপনের দ্বারা মতান্তর করা গেল না তাহা পূর্ব্ববৎ সম্পূর্ণরূপে প্রবল থাকিবেক।

হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের হুকুমক্রমে। ১৮৪৭। ৩০ জুন।

সি বীডন। এক্‌টিং সেক্রেটারী।

[*Government Gazette*, 6*th July*, 1847.]

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারাঅনুসারে জেলা রাজশাহির নীচের লিখিত মহাল ইংরেজী ১৮৪৭ সালের জুন মাসের ২৯ তারিখপর্য্যন্ত পাওনা বাকী মালগুজারি নিমিত্তে ইংরেজী ১৮৪৭ সনের ২৪ জুলাই মোতাবেক বাঙ্গলা ১২৫৪ সনের ৯ শ্রাবণ শনিবার দিবস দিবা দুই প্রহরের পর কালেক্‌টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৭ ইংরেজী তারিখ ৩০ জুন মোতাবেক বাঙ্গলা ১২৪৫ সাল তারিখ ১৭ আষাঢ়।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	সন ১৮৪৭ সনের ২৯ জুন তারিখপর্য্যন্ত পাওনা বাকী	মন্তব্য কথা
১	ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল	৫১৭	কিং অর্জ্জুন পাড়া পং লস্করপুর	কালীকান্ত লাহিড়ি কালীশঙ্কর চৌধুরী	১৭৩৶১১	২৬॥৶৮	

A. Forbes, *Collector.*

সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে দিনাজপুর জেলার নীচের লিখিত মহাল ১২৫৪ সনের জ্যৈষ্ঠ মাসের কিস্তীপর্য্যন্তের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে ইংরেজী ১৮৪৭ সনের জুলাই মাসের ২০ মোতাবেক ১২৫৪ সনের শ্রাবণ মাসের ৫ রোজ মঙ্গলবার কালেক্‌টর সাহেবের কাছারিতে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি ১৮৪৭ সাল তারিখ ৩০ জুন মোতাবেক ১২৫৪ সাল তারিখ ১৭ আষাঢ়।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজির মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	১২৫৪ সনের জ্যৈষ্ঠ মাসপর্য্যন্তের বাকী	মন্তব্য কথা
১	চিরস্থায়ি বন্দোবস্তী মহাল	৩৬১	কিসমত পরগনে বার্ব্বকপুর	জগৎমণি ও রাধামণি চৌধুরাণী ও রামধন দাস ও কৃষ্ণকুমার নন্দী ও মহাভারত নন্দী	৩৪০।৩।	২৫।৶	

C. Steer, *Collector.*

NOTICE.

The Supreme Government having sanctioned the holding of a Fair on the British side of the Bootan Frontier, for the revival and encouragement of Trade, and peaceable intercourse between the inhabitants of Bootan, Sikim, and Nipal, and the people of Rungpoor, Dinajpoor, Malda, Purneah, and of the British Provinces generally, it is hereby notified for general information, that the Fair will take place annually at Titalya, during the full moon of the Hindu month of Pous, and that every protection to the persons, and property of Foreigners, and our own subjects will be secured by the contemplated arrangements, as well as every facility afforded to Trade, and Barter at this new Mart.

The Fair will commence on Saturday, the 18th December, 1847, and continue till Saturday, the 25th idem.

A. Campbell, M. D.,
Superintendent of Darjeeling, and in charge of Bootan Frontier.

Darjeeling, 9th June, 1847.

ইশ্‌তিহার।

রঙ্গপুর ও দিনাজপুর ও মালদহ ও পূরণিয়া এবং সাধারণমতে ইঙ্গলণ্ডীয়েরদের অধীন দেশীয়েরদের সঙ্গে ভোটান ও সিকীম ও নেপালীয় লোকেরদের বাণিজ্য এবং শান্তিপূর্ব্বক ব্যবসা পুনঃ স্থাপন করিবার ও তাহাতে উৎসাহ দিবার অভিপ্রায়ে সুপ্রিম গবর্ণমেণ্ট অনুমতি দিয়াছেন যে ভোট দেশের যে অঞ্চল ইঙ্গলণ্ডীয়েরদের অধিকারে আছে সেই অঞ্চলে মেলা হয়। অতএব সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বৎসরেং পৌষ মাসের পূর্ণিমাতে তিতালিয়া স্থানে মেলা হইবেক এবং যে নিয়ম করা যাইবেক তাহার দ্বারা বিদেশীয় লোকেরদের এবং ইঙ্গলণ্ডীয় প্রজারদের ও তাহারদের সম্পত্তির রক্ষা হইবেক এবং এই নূতন মেলাতে যাহাতে বাণিজ্যব্যবসার সুগম হয় এমত উপায় করা যাইবেক।

ঐ মেলা ১৮৪৭ সালের ১৮ ডিসেম্বর তারিখ শনিবারে আরম্ভ হইয়া ঐ মাসের ২৫ তারিখ শনিবারপর্য্যন্ত চলিবেক।

এ কাম্বেল।
দারজিলিঙ্গের সুপরিণ্টেণ্ডেণ্ট ও ভোটান অঞ্চলের অধ্যক্ষ।

দারজিলিঙ্গ ১৮৪৭। ৯ জুন।

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the fifth day of June instant, in the matter of the petition of LEWIS BERNARD D'MELLO, late of Ballygunge, in the Suburbs of Calcutta, an Assistant in the Military Board Office, and late a prisoner confined in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard on Saturday, the seventh day of August next, at the hour of eleven o'clock in the forenoon.

The names of the Creditors of the said LEWIS BERNARD D'MELLO appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer. Dated this 29th day of June, 1847.

W. H. Duff, *Insolvent's Attorney.*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

মিলিটারী বোর্ড আফিসের আসিষ্টাণ্ট কলিকাতার শহরতলী বালীগঞ্জ নিবাসি লুইস বর্ণার্ড ডিমেলো সাহেব সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনের দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জুন মাসের ৫ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্ম আগামি আগস্ট মাসের ৭ তারিখ শনিবার বেলা এগার ঘন্টার সময়ে শুনা যায়।

উক্ত লুইস বর্ণার্ড ডিমেলো সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন্।

১৮৪৭। ২৯ জুন। ডবলিউ এচ ডফ। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the twenty-eighth day of the month of June, 1847, the matters of the petition of JOHN DAVIDSON, late of Weston's Lane, in the town of Calcutta, Broker, and lately a prisoner confined for debt in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies," are appointed to be heard in the said Court, on Saturday, the seventh day of August next, at the hour of eleven o'clock in the forenoon.

The names of the Creditors of the said JOHN DAVIDSON appear in a Schedule filed by him in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

Calcutta, 30th June, 1847. Shaw and Lyons, *Attornies for the Insolvent.*

[*Government Gazette,* 6*th July,* 1847.]

কলিকাতা নগরের ওএষ্টন লেন নিবাসি পোদ্দার জান ডেবিডসন সাহেব সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনের দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৭ সালের ২৮ জুন তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি আগষ্ট মাসের ৭ তারিখ শনিবার বেলা এগার ঘন্টার সময়ে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত জান ডেবিডসন সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন্।

কলিকাতা ১৮৪৭। ৩০ জুন। শা ও লায়ন্স। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, the matter of the Petition of CHARLES WAGENTRIEBER, of Dacca, in the Province of Bengal, Sugar Manufacturer, but formerly of Soopore Soorool, in the District of Beerbhoom, and Burdwan, Trader, and late a Prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard on Saturday, the seventh day of August next.

The names of the Creditors of the said Insolvent appear in a Schedule filed with the said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

15th June, 1847. W. H. OWEN, *Attorney for the said Insolvent.*

পূর্ব্বে জিলা বীরভূমে সুপুরসুরুলে ও বর্দ্ধমানে বাণিজ্যকারী পরে বাঙ্গলা দেশের ঢাকা শহরে চিনি প্রস্তুত-কারি চার্লস ওএগন্ট্রিবর সাহেব সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনের দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি আগষ্ট মাসের ৭ তারিখ শনিবার বেলা এগার ঘন্টার সময়ে শুনা যায়।

উক্ত যোত্রহীনের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন্।

১৮৪৭। ১৫ জুন। ডবলিউ এচ ওএন। যোত্রহীনের উকীল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ৬ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 13, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ১৩ জুলাই।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেন্টের ইশ্‌তিহার।

OPIUM.

আফিম।

ফোর্ট উলিয়ম আফিম দপ্তর সন ১৮৪৭ সাল তারিখ ২৫ জুন মোতাবকে বাঙ্গলা সন ১২৫৪ সাল তারিখ ১২ আষাঢ়।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৭ সাল তারিখ ১২ জুলাই মোতাবকে বাঙ্গলা সন ১২৫৪ সাল তারিখ ২৯ আষাঢ় সোমবার পূর্ব্বাহ্ণে দিবা এগার ঘন্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে নীচের লিখিত মেকদার সন ১৮৪৫। ৪৬ সালের পয়দায়শী আফিম সমুদ্রপথে রপ্তানির জন্য নীলামে পশ্চাৎ লিখিত শরতে বিক্রয় করা যাইবেক। বেহারের পয়দায়শী আফিম ১৬৮৫ বানারসের পয়দায়শী আফিম ৭২৪ জুমলা সিন্দুক ২৪০৯

নীলামের শরত।

১ দফা। পূর্ব্বোক্ত আফিমসকল সমুদ্রপথে রপ্তানির জন্য বিক্রয় করা যাইবেক এবং এরূপে রপ্তানিভিন্ন অন্য কোন বাবতে সর্টিফিকেট দেওয়া যাইবেক না।

২ দফা। ফি সিন্দুক আফিম ন্যূন সংখ্যা কোং ৪০০৲ টাকা দরে চলিতমতে ধরা যাইবেক তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে চাহিবেক তাহাকেই বিক্রয় করা যাইবেক যদিস্যাৎ এমত কোন ঘটনা উপস্থিত না হয় যে ঘটনার জন্যে এই নীলামের শরতের ১২ দফায় বিশেষ নিয়ম নির্দ্ধারিত করা গেল।

৩ দফা। ঐ নীলাম পূর্ব্বাহ্ণে দিবা এগার ঘন্টার সময় আরম্ভ হইবেক এবং অপরাহ্ণে দুই প্রহর পাঁচ ঘন্টার পর স্থগিত হইবেক কিন্তু যদি ঐ ঘড়িতে যে সকল লাটহায় বিক্রয়ের কারণ ইশ্‌তেহার হইল তাহার কতক লাট গর বিক্রী থাকে তবে সাহেবান বোর্ডের বিবেচনানুসারে তৎপর দিবস যদি সে দিবস রবিবার কিম্বা কোন পর্ব্বাহ না হয় তবে বেলা এগার ঘন্টার সময় পুনশ্চ বিক্রয় করিতে আরম্ভ করা যাইবেক এই রীতিক্রমে যাবৎ সমুদয় লাট বিক্রীত না হয় তাবৎ নীলাম করা যাইবেক। আর যে দিবসে বিক্রয়ের ইশ্‌তেহার হইল সে দিবস যদি ঐ সমুদয় ২৪০৯ সিন্দুক আফিম বিক্রয় না হয় তবে যে সকল লাট হাতে থাকিবেক তাহা সাহেবান বোর্ড ভবিষ্যৎ কোন নীলামে বিক্রয় করিতে পারিবেন।

৪ দফা। ঐ আফিমের ফি লাট ৫ সিন্দুকে হইবেক।

৫ দফা। নীলাম ঘরের ভিতর খরিদারের নাম সেলবহিতে রেজিষ্টরী হওনের পূর্ব্বে প্রত্যেক লাট যে দরে ডাক মঞ্জুর হইবেক সেই দরের মোটের উপর ফিশত ২৫৲ টাকার হিসাবে খরিদারকে আমানৎ পেশগীর বাবৎ প্রমিস্যরী নোট অর্থাৎ তমঃসুক লিখিয়া দিতে হইবেক আর আগামি সন ১৮৪৭ সালের ১৫ জুলাই বৃহস্পতিবার বেলা দুই প্রহর চারি ঘন্টার পূর্ব্বে বোর্ডের দপ্তরখানায় আসিয়া সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ এওজ দিয়া পূর্ব্বোক্ত দর্শনি প্রমিস্যরী নোট সকল খালাস করিতে হইবেক কিন্তু নিরূপিত সময় মধ্যে যদি খালাস না করে তবে যে সকল লাটহায়ের আমানৎ পেশগী হিসাবে টাকা অথবা সবট্রেজরর সাহেবের রসিদ কিম্বা কোম্পানির কাগজ দাখিল না হইবেক তাহা বোর্ডের সাহেবান যে সময় ও নিয়ম স্থির করিবেন সেই সময় ও সেই নিয়মানুসারে ছানী নীলামে বিক্রয় হইবেক তাহাতে যে নোকসান ও খরচখরচা পড়িবেক তাহা পূর্ব্বোক্তমতে যাহারদিগের আমানৎ পেশগী দাখিল করিতে ত্রুটি হইবেক তাহারদিগকে দিতে হইবেক ও মুনফা যদ্যপি হয় তাহা কোম্পানি বাহাদুরের সরকারে জমা হইবেক।

৬ দফা। ঐ নীলামের দিবস পূর্ব্বোক্ত শরতমতে যে সকল প্রমিস্যরী নোট লওয়া যাইবেক তাহা যদি আগামি পূর্ব্বোক্ত ১৮৪৭ সালের ১৫ জুলাই তারিখে খালাস না হয় তবে ঐ সকল নোট কোম্পানির তরফ উকিলের স্থানে দেওয়া যাইবেক তাঁহাকে যেমত উচিত বোধ হইবেক সেইমত তিনি ঐ নোটের বাবৎ টাকা আদায় করিবেন।

৭ দফা। যে আফিমের বাবৎ আমানৎ পেশগীর টাকা ঐ ১৫ জুলাই দিবা দুই প্রহর চারিঘন্টার পূর্ব্বে দাখিল না হইবেক তাহার হিসাবে কোন টাকা কিম্বা সবট্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ পশ্চাৎ লওয়া যাইবেক না।

৮ দফা। যে সকল আফিম বিক্রয়ার্থে এইক্ষণে ইশ্‌তাহার দেওয়া যাইতেছে তাহার কিম্মতের বেবাক টাকা নীলামের তারিখ ইস্তক পূরা পনের দিনের মধ্যে দাখিল করিতে হইবেক অর্থাৎ সন ১৮৪৭ সালের ২৭ জুলাই মঙ্গলবার দিবা দুই প্রহর চারি ঘন্টার পর উক্ত কিম্মতের বাবত ট্রেজরি রসিদ আর লওয়া যাইবেক না যদিস্যাৎ ঐ আফিমের কোন লাটের টাকা দাখিল হইয়া হিসাব নিষ্পত্তি না হয় তবে যে দরে লাট ডাক মঞ্জুর হইয়া থাকে তাহার মোট টাকার উপর ফিশত ২৫৲ টাকার হিসাবে সমান পরিমাণে যে টাকা আমানৎ হইয়া থাকিবেক অথবা কোন রকম

কোম্পানির কাগজ যাহা ঐ লাট ফি সিন্দুকের হিসাবে দাখিল হইয়া থাকিবেক তাহা সরকারে জব্দ হইবেক। পরে বোর্ড পরমিট ও নেমক ও আফিমের সাহেবান আলিশানের দ্বারা যে তারিখে যে প্রকারে নীলাম করা উচিত বিবেচনা হইবেক সেই দিবস সেইপ্রকারে ঐ আফিম সরকার বাহাদুরের নিজ হিসাবে বিক্রয় হইবেক তাহাতে ছানী নীলামে যে লাভ হইবেক তাহাতে নাদাওয়া হইয়া পহিলা খরিদারকে প্রথম খরিদ দরহইতে ছানী নীলামের খরিদ দরে যত টাকা নোকসান অথবা তফায়ৎ হইবেক তাহা আদায় করিতে হইবেক।

৯ দফা। যে সকল খরিদারান পূর্ব্বোক্তমতে বেবাক টাকা দাখিল করিয়া আফিমের সর্টিফিকেট অর্থাৎ আফিম বাহির করিবার হুকুম লইবেক তাহারদিগের এক্তিয়ার রহিল যে আপন খরিদা আফিমের প্রত্যেক সর্টিফিকটের মধ্যে কত লাট দরজ করিতে চাহে তাহা বিশেষ করিয়া জানায় কারণ ইহা স্পষ্টরূপে জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্তমতে যে সকল সর্টিফিকেট একবার লইয়া যাইবেক তাহাই চূড়ান্ত হইবেক এবং ঐ সর্টিফিকেটের পরিবর্ত্তে পশ্চাৎ অন্য কোন সর্টিফিকেট অথবা হুকুম যাহাতে এক২ লাট করিয়া খালাস হইতে পারে অথবা প্রথম যত লাট কিম্বা সিন্দুকের জন্য সর্টিফিকেট দেওয়া যায় তাহা ভিন্ন অন্য কোন প্রকারে কমিবেশী পরিমাণ খালাস হইতে পারে এমত সর্টিফিকেট এওজ দেওয়া যাইবেক না।

১০ দফা। এই ইশ্‌তেহারের ৫ দফার লিখিত নিয়মানুসারে আমানতের হিসাবে যে কোন কোম্পানির কাগজ অথবা সবত্রেজরর সাহেবের রসিদ দাখিল করিয়া লইতে হইবেক তাহা কেবল যে সকল খরিদারের নাম সেলবহীতে লেখা থাকে তাহারদিগের নিকটহইতে অথবা তাহারদিগের এজেন্ট অর্থাৎ মোক্তারের নিকটহইতে লওয়া যাইবেক এবং ঐরূপ আমানৎ পেশগী দাখিলের রসিদ কেবল ঐ পূর্ব্বোক্ত খরিদারের নামে হইবেক ও আফিম মজকুরা খালাস হইলে পর পূর্ব্বোক্ত কোম্পানির কাগজ তাহারদিগকে অথবা তাহারদিগের বরাতি লোককে ফিরাইয়া দেওয়া যাইবেক।

১১ দফা। শ্রীযুত সাহেবান আলিশান বোর্ডের তরফ সরকারী যে সাহেব নীলামের সুপ্রিমণ্টেণ্ডেণ্ট হইবেন তাঁহার এমত এক্তিআর আছে যে তিনি আপন বিবেচনা অনুসারে কোন ব্যক্তির ডাক অগ্রাহ্য করেন কিন্তু যদিস্যাৎ সে ব্যক্তি যে ডাক করিবেক তাহার মোট টাকার উপর ফিশতে ২৫৲ টাকার হিসাবে সমান পরিমাণে বাঙ্গালব্যাঙ্ক নোট কিম্বা সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ তলব করিবা মাত্র দাখিল করে তবে তাহারদিগের ডাক অগ্রাহ্য করিবেন না।

১২ দফা। নীলাম রদকরণের মানসে কেহ কৃত্রিম ডাক করিলে তাহা রহিত করণার্থে এই ইশ্‌তেহারের দ্বারা বিজ্ঞাপন করা যাইতেছে যে সরকারের কার্য্যকারক যে সাহেব নীলামের কর্ম্ম সম্পাদন করিবেন তিনি নীলাম কালে যে কোন সময়ে হউক আপন এক্তিয়ারে কোন গরবিক্রী লাটের নীলাম রহিত করিয়া পুনর্ব্বার তৎক্ষণাৎ সেই লাট উচ্চপরিমিত মূল্যে ধরিতে পারিবেন তাহাতে সেই দরক্রমে কম করিতে থাকিবেন যাবৎ কেহ ডাক নাকরে তদনন্তর প্রথমে যে ব্যক্তি পূর্ব্বোক্ত মতে কোন লাটের নিমিত্তে অকৃত্রিম ডাক করিবেক সেই ব্যক্তি ঐ লাটের খরিদাররূপে গণ্য হইবেক এবং ঐ নীলামের কার্য্য সম্পাদক সাহেবের আরো এক্তিয়ার রহিল যে তাহার পর যত লাট উচিত বুঝিবেন তত লাট ঐ রূপে বিক্রয় করিতে পারিবেন কিন্তু এই শরতের ২ দফার লিখিত ন্যূন সংখ্যা ৪০০৲ টাকা মূল্যের কমে কোন লাট বিক্রয় হইবেক না।

১৩ দফা। নীলামি খরিদারের এমত এক্তিয়ার আছে যে প্রথম যে লাট খরিদ করিবেক সেই লাট নম্বর হইতে যত লাট সেই এজেন্সির আফিম খরিদ করিতে চাহে তাহা তৎক্ষণাৎ প্রকাশ করিয়া কহে এবং তদনুসারে খরিদ করে এমতে ২৫ লাটপর্য্যন্ত ঊর্দ্ধ সংখ্যা খরিদ করিতে পারিবেক এবং এইরূপে যত লাট খরিদ হইবেক তত লাটের বাবৎ পহিলা লাটের মোট দরের উপর ২৫৲ টাকার হিসাবে যত টাকা হয় সেই হিসাবে সমান পরিমাণে টাকা আমানত করিতে হইবেক এবং পহিলা লাট ফি সিন্দুক যত টাকা দরে খরিদ করিয়া থাকে সেই হিসাবে কিস্মতের টাকা দাখিল করিতে হইবেক এমতে যদিস্যাৎ ঐ আফিমের এত লাট গরবিক্রী থাকে যে তাহাতে ২৫ লাট পূরা হইতে পারে তবে পাইবেক নতুবা পাইবেক না।

১৪ দফা। এই ইশ্‌তেহারের লিখিত আফিমের বিক্রীসম্পর্কীয় কিম্বা ঐ আফিমের হিসাব রফার বিষয়ে কোন বিবাদ অথবা গরমিল উপস্থিত হইলে তাহা সুবে বাঙ্গলার সুপ্রিম কোর্ট আদালতের বিচারে নিষ্পত্তি হইবেক আর খরিদারেরদিগের মধ্যে কেহ ঐ আদালতের এলাকার অধীন নহে বলিয়া কোন আপত্তি করিলে গ্রাহ্য হইবেক না।

১৫ দফা। নীচের লিখিত তপসীল মাফিক কাগজাত ও যে আফিম বিক্রী হইবেক তাহার নমুনা নীলামের দিবস দেখান যাইবেক অথবা তাহার পূর্ব্বে বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারি সাহেবের দপ্তরখানায় অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১ নং যে আফিম বিক্রয় কারণ এইক্ষণে ইশ্‌তেহার হইল তাহার সর্টিফিকেট।

২ নং ঐ আফিম তজবীজের রিপোর্ট।

১৬ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৪৫। ৪৬ সালের বেহার ও বানারসের আফিম তৈয়ারি কারণ গত সন হায়ের মত যত্ন ও খবরদারি করা গিয়াছে বিশেষতঃ আফিমের নোচস্তক্ষা নিভাজ প্রস্তুত করিয়া পাঠাইতে এবং গুটী তৈয়ারি কারণ নিয়মিত পরিমাণ পাতি ব্যবহার করিতে এবং প্রতি গুটীতে সমান ভাগ আফিম রাখিতে সাবধান হওয়া গিয়াছে আফিম মজকুরের বেহার ও বানারসের মোকামি ওজনের হিসাব ও ঐ মোকামের ফি চালানহইতে ছয় সিন্দুক করিয়া কলিকাতায় যে ওজন করা যায় তাহার গড় ওজনের হিসাব বোর্ড পরমিট নেবক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় তজ্জ করিলে দেখিতে পাওয়া যাইবেক এবং গত দুই মাসের পয়দাবশী যে চারি সিন্দুক বেহার ও বানারসের আফিম রাখা গিয়াছে তাহা নীলামের দিবস খরিদারান লোককে দেখান যাইবেক তদ্দৃষ্টে বেপারিয়ান বিবেচনা করিতে পারিবেন যে কিপ্রকার নির্ব্বিঘ্নাবস্থায় ঐ আফিম রহিয়াছে।

১৭ দফা। যে আফিম বিক্রয় কারণ এইক্ষণে ইশ্‌তেহার হইল তাহার ওজন ও রকমের বিষয়ে আফিমের কারবারসম্পর্কীয় কোন ব্যক্তি আর কোন সমাচার জানিতে চাহিলে পরমিট ও নেমক ও আফিম বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে পূর্ব্বাপর রীত্যনুসারে জানিতে পারিবেক কিন্তু নীলামের পর যে সকল সিন্দুক জাহাজে রপ্তানি করিবার নিমিত্তে দেওয়া যাইবেক সেই আফিমের ওজন কমি অথবা তফাত কিম্বা মিশ্রিত করণের ওজরে এনামের জন্যে কোন দাওয়া করিলে তাহা প্রচলিত নিয়মানুসারে শ্রীযুক্ত সাহেবান বোর্ড কোন প্রকারেই শুনিবেন না ও গ্রাহ্য করিবেন না।

সি বিডন। একটিং সেক্রেটারী।

বিমোজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ১৩ জুলাই।]

মাসকাবারী হিসাব মৌজুদ নেমক মায় ৪ পরসেন্ট গোলা শুক্তি বাবৎ লাগাদ ৩০ জুন সন ১৮৪৭ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার নমকের গোলাজাতের মৌজুদ নমক বিংগত ইষ্টেটমেণ্ট।

এজেন্সীর নাম।	সন ১২৪৮ সাল মতাবকে ইং ১৮৪১। ৪২ সাল	সন ১২৪৯ সাল মতাবকে ইং ১৮৪২। ৪৩ সাল	সন ১২৫০ সাল মতাবকে ইং ১৮৪৩। ৪৪ সাল	সন ১২৫১ সাল মতাবকে ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মতাবকে ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মতাবকে ইং ১৮৪৬। ৪৭ সাল	মৌজুদ নমকের একুন
হিজলী।							
পাঙ্গা নেমক। ঘাট উত্তর কালীনগর।	০	০	০	০	০	০	০
ঐ ঐ দক্ষিণ কালীনগর	৩,২৯,৮২৮/	৫,০১,০৪৬/	৩,৪২,৬০৮/	২,৭৯,৯৭৪/	৩,৮৩,৮২৮/	২,৭৫,২৭২/	২১,১২,৫৫৬/
ঐ ঐ কৃষ্ণনগর।	০	০	২৫,৪৮৫৸০	০	—	১,৪০,০৪৩/	১,৬৫,৫২৮৸০
ঐ ঐ তেরো পাইকা।	০	১,৯০,৩১৮	১,৭১,৫৮৫/	২,৬,৫২৫৭/	২,৪১,১৫৫/	১,৭২,৩১১/	১০,৪০,১২৬/
ঐ ঐ রামনগর।	০	০	০	০	০	১,৩৮,৮৯৫/	১,৩৮,৮৯৫/
গাছা নমক।	০	১৩,৩৪৯॥০	১৫,২৩৪/	০	০	—	২৮,৫৮৩॥০
একুন।	৩,২৯,৮২৮	৭,০৪,৭১৩॥০	৫,৫৪,৯১২৸০	৫,৪৫,২৩১/	৬,২৪,৯৮৩/	৭,২৬,৫২১/	৩৪,৮৬,১৮৯।০
তমলুক।							
পাঙ্গা নেমক। ঘাট নারায়ণপুর।	০	০	০	৯,৫৩৩৭।৮	২,৩৭,৫৭৭/	২,৯৫,৮১২/৩	৬,২৮,৭২৬॥১
ক্রোকী নমক।	০	০	০	০	০	০	৮৭।০৸/১০
একুন।	০	০	০	৯৫,৩৩৭।৮	২,৩৭,৫৭৭/	২,৯৫,৮১২/৩	৬,২৮,৮১৩৸১৸/১০
২৪ পরগনা।							
পাঙ্গা নেমক। ঘাট নারায়ণপুর বাহিরবুনি।	০	৩০৫।০	০	৫,৩৩৯/৫	৫,২৩৭॥০	০	১০,৮৮১৸৫
ঐ ঐ ঐ তাফাল।	০	৬,৮৭৯/	১৬/	৭৩,১১৭/	২,৬৭,৫৬১॥০	০	৩,৪৭,৫৭৩॥০
ঐ ঐ বালিয়াঘাটা।	০	০	০	০	১৫০।৫	০	১৫০।৫
ঐ ঐ বেঁওতা।	০	০	০	০	০	০	০
ঐ ঐ গোরদা।	০	০	০	০	৫৫৬৸৭	০	৫৫৬৸৭
ঐ ঐ ডাইমণ্ডহারপুর।	০	০	০	১,৪৩৮/	৪২,৩৫০/	০	৪৩,৭৮৮/
ঐ ঐ বাগুন্ডী।	০	০	০	২,৬১৮/	২৫,৫১০/	০	২৮,১২৮/
ঐ শ্রীযুত প্রিন্সেপ সাহেবের পহিলা রুকম।	০	০	০	০	০	০	০
ঐ ঐ মিশ্রিত।	০	০	৪,৬২৮।০	৫,৮৫৬॥০	৭,৭৪১/	৭,৮৩২/	২৬,০৫৭৸০
ঐ ঐ মিশ্রিত পাঙ্গা।	০	০	০	০	০	০	৫৫৪/
ঐ ঐ মিশ্রিত ইংলিস।	০	০	০	০	০	০	৫,৫৭৩/
একুন।	০	৭,১৮৪।০	৪,৬৪৪।০	৮৮,৩৬৮॥৫	৩,৪৯,১০৭।২	৭,৮৩২/	৪,৬৩,২৬৩।৭

এজেন্সীর নাম।	সন ১২৪৮ সাল মতাবকে ইং ১৮৪১। ৪২ সাল	সন ১২৪৯ সাল মতাবকে ইং ১৮৪২। ৪৩ সাল	সন ১২৫০ সাল মতাবকে ইং ১৮৪৩। ৪৪ সাল	সন ১২৫১ সাল মতাবকে ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মতাবকে ইং ১৮৪৫। ৪৬ সাল	সন ১২৫৩ সাল মতাবকে ইং ১৮৪৬। ৪৭ সাল	মৌজুদ নমকের একুন
চট্টগ্রাম।							
পাঙ্গা নেমক। ঘাট নেজামপুর ডোমখালি।	০	০	১,৬২,৫৪৪৸৫	১,৫৫,২৫০।৫	০	০	৩,২১,৭৯৬।০
ঐ ঐ সদর ঘাট।		০	০	০	০	১০.২১১	১০,২১১/
ঐ ঐ আরাকিন।	০	০	০	১,২২,৮৭৬।৬	১,৯৯,৬৬৯।০	৪,২৩,৪৭২৸৫	৭,৪৬,০১৮॥১
ক্রোকি নেমক।	০	০	০	০	০	০	০
একুন।	০	০	১,৬৬,৫৪৪৸৫	২,৭৮,১২৬৸১	১,৯৯,৬৬৯।০	৪,৩৩,৬৯১৸৫	১০,৭৮,০৩৩৸১
ভুলুয়া।							
পাঙ্গা ঘাট কাকড়া আরাকিন।	০	০	০	০	১,২৭,২২৪৸০	০	১,২৭,২২৪৸০
ক্রোকি নেমক।	০	০	০	০	০	০	০
একুন।	০	০	০	০	১,২৭,২২৪৸০	০	১,২৭,২২৪৸০
শালিখা।							
পাঙ্গা নেমক। কটক।	০	০	১,৪০,৪৩৫৸০	৩,০০,৬৬৬॥০	১,৭৯,৬২২/	৬,০৫২	৬,২৬,৭৭৬।০
ঐ বালেশ্বর।	০	১,৬৯,০০৩/৩	২,৫৯,৪৫৬।০	১,৬০,৫০২॥০	৭৭,৫৯৪॥০	৮৯২	৬,৬৭,৪৪৮।৭
ঐ খোরদা।	০	০	০	[৩৭,৫৪৬॥০	৪১,৩৫৯/	০	৭৮,৯০৫॥০
ঐ টিলকা।	২৮,৯৫৩/	৮৮,১৬৬/	১,২৩,৭০৮	১,২৮,৪৭৪॥০	৫৫,৩৫৯॥০	০	৪,২৪,৬৬১/
করকচ নেমক মান্দ্রাজ পরমিট। ১ পহিলা রকম।	০	০	২৯,৫৬৮॥০	৮৪,৪৭০/	১,১০,৫০৩/	২,৪৭৪	২,২৭,০১৫॥০
ঐ ঐ ২ দোসরা রকম।	০	২,০১,০৭৯॥০	২,১১,৬৯২।০	২,৫৫,৩৯৫৸০	৭৭,৭০৮/	২,১৯৬	৭,৪৮,০৭১॥০
ঐ ঐ ৩ তেসরা রকম।	০	০	৪৮	০	০	০	৪৮/
মিশ্রিত পাঙ্গা।	০	০	০	০	০	০	১৫,৫২৬॥৭
ক্রোকি করকচ।	০	০	০	০	১৪।৯	০	১৪।৯
ক্রোকি সৈন্ধব।	০	০	০	০	০	০	০
ক্রোকি নেমক।	০	০	০	০	৫॥১	৸৯॥	৬॥০॥
একুন।	২৮,৯৫৩/	৪,৫৮,২৪৮॥৭	৭,৬৪,৯০৮৸০	৯,৬৭,০৫৫৸০	৫,৪২,১৬৬/	১১,৬১৪৸৯॥	২,৭৮,৯৪৭৩৸৩॥
মোট একুন।	৩,৫৮,৭৮১/	১১,৭০,১৪৬।৭	১৪,৯১,০১১॥৫	১,৯৭,৪১১৯॥৪	২,০৮,০৭২৭।২	১৪,৭৫,৪৭১৸৭॥	৮৫,৭২৯৯৮৸৩।/১০

সি বিডন একটিং সেক্রেটারী

[গবর্ণমেন্ট গেজেট ১৮৪৭। ১৩ জুলাই।]

হুকুম ইস্তাহার কাছারী কালেক্টরী জেলা বর্দ্ধমান এই যে

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ দফার বিধানমতে অত্র কালেক্টরীর সংক্রান্ত নীচের লিখিত বাকী পড়া মহালাত সন ১৮৪৭ সালের ২৬ জুলাই মোতাবক সন ১২৫৪ সালের ১১ শ্রাবণ সোমবার দিবা দুই প্রহরের সময় সরকারী নীলামে বিক্রয় হইবেক এবং নিশ্চয় নীলামে ধরা যাইবেক ইতি।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজির নম্বর	নাম মহাল ও পরগনা	নাম মালিক	সদর জমা	বাকী সরকার লাগাদি সন ১৮৪৭ মাহ মেই বাঙ্গলা লাগাদি জৈষ্ঠ	কৈঃ
১ নং	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল	১৮৪ নং	চরশক্তিপুর পঃ পলাসী	গঙ্গানারায়ণ ঘোষাল	২৮৬॥৶৬	৪০॥৬	

সন ১৮৪৭। ৩ জুলাই।
সন ১২৫৪। ২০ আষাঢ়।

W. Luke, *Collector.*

ইস্তাহারনামা কাছারী কালেক্টরি জেলা বীরভূম এই যে

এক্ষণ সন ১৮৪৫ সালের ১ প্রথম আইনের মর্ম্মানুসারে সন ১২৫৩ সালের ইস্তক কীস্তি চৈত্র লাগাদি সন ১২৫৪ সালের কীস্তি জ্যেষ্ঠের বাকী আদায় কারণ সন ১৮৪৭ সাল ২৯ জুন মতাবক সন ১২৫৪ সাল ১৬ আষাঢ় সূর্য্য অস্তপর্য্যন্ত টাকা দাখিল করণের দিবস ধার্য্য ছিল কিন্তু নীচের লিখিত মাহালাতের বাকীদারান উক্ত তারিখ সূর্য্যাঅস্তপর্য্যন্ত আপন২ বাকী দাখিল করে নাই অতএব উক্ত আইনের মর্ম্মানুসারে বাকীপড়া মাহালাত নীলাম করা আবশ্যক হইয়া ঐ আইনের ৬ ধারার বিধিক্রমে ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৭ সাল তারিখ ২৩ জুলাই মতাবক সন ১২৫৪ সাল তারিখ ৮ শ্রাবণ রোজ শুক্রবার বেলা দুই প্রহরের পর অত্র কাছারীর প্রকাশ স্থানে নীচের লিখিত মাহালাত নীলামে বিক্রয় হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ উচিত যে ঐ তারিখ ও সময়ে এই কাছারিতে হাজির আসিয়া খরিদ করহ আর যে ব্যক্তি অধিক ডাকিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক ইতি সন ১৮৪৭ সাল তারিখ ১ জুন মতাবক সন ১২৫৪ সাল তারিখ ১৮ আষাঢ়।

নম্বর লাট	মহালের শ্রেণী	নম্বর রেজিষ্টরী	নাম মহাল	নাম মালীকান	সদর জমা	বাকীইস্তক সন ১২৫৩ সালের কিস্তী চৈত্র লাগাদি সন ১২৫৪ সালের কিস্তী জ্যৈষ্ঠ	কৈফিয়ৎ
১	দাএমী বন্দবস্ত	৫১০ নং	বাতাসপুর পং একব্বর শাহী	আমীর মণ্ডল রামানন্দ মণ্ডল অদ্বৈত মণ্ডল দিগর ...	২০১।০	১৩৮/৯	ধান্য ও ইক্ষু ও রবিখন্দ জন্মে ইতি

J. Reid, *Collector.*